২৯। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ পূর্বপক্ষ. আচ্ছা যদি কৃষ্ণের জগদীশ্বরত্ব, তাহলে তৎকালে কি করে নিজের অনুরূপ নয় এমন ক্ষুদ্রাতিক্ষুদ্র জীবের সহিত যুদ্ধে রস সিদ্ধ হয় ? যদি না হয়, তাহলে সেকথা বর্ণনার কি প্রয়োজন ? এরই উত্তরে—স্থিতি ইতি। তা হলে কি অত্যাশ্চের মত বর্ণিত হয়েছে ? 'তথাপি ইতি'। মর্ত্যানুবিধস্য—যিনি মনুষ্য দেহে অবতীর্ণ হয়ে মানুষের অনুরূপই ব্যবহার করেন তার, অর্থাৎ মর্তানুবিধ কৃষ্ণের। যে 'অমর্তা' দেহে জগৎসৃষ্টাদি করে থাকেন, তার দ্বারাই যদি জরাসন্ধকে জয় করতেন, তা হলে নিশ্চয়ই অনুরূপ না হওয়ায় রস হত না। আরও, যদি 'মর্ত্য' হয়েই জয় করলেন মর্ত্যের প্রতিযোদ্ধা মর্তা অনুরূপই তো উপযুক্ত। তার মধ্যে আবার অতি প্রৌঢ় জরাসন্ধের জয় করা হেতু 'চমৎকার' রসই হয়েছে এখানে এ কথাও বলা চলবেনা যে মর্তাদেহের স্বরূপত্ব নেই। কারণ শাস্ত্রপ্রমাণে স্বরূপত্বই সিদ্ধ, যথা—পরমাত্মা নরাকৃতি। 'নরাকৃতি পরব্রহ্ম হরি কারণ মানুষ"—"যন্মিত্র পরমানন্দ পূর্ণব্রহ্ম" ॥ বি॰ ২৯ ॥

৩০। **শ্রীজীব বৈ॰ তো॰ টীকা** ঃ অতোঽন্যচ্চ তাদৃশং তচ্চরিতং শৃণ্বিত্যাহ—জগ্রাহেতি। ওজসা বেগেনেত্যর্থঃ। সিংহঃ সিংহমিবেতি—মর্ত্যানুবিধতয়া সাম্যাভিপ্রায়াৎ ; অতো মহাবলত্বমপি তদপেক্ষয়ৈব, ন ত্বৈশ্বর্য্যাপেক্ষয়া। মহাবলমিতি ক্বচিৎ পাঠঃ ॥ জী॰ ৩০ ॥

৩০। **শ্রীজীব বৈ॰ তো॰ টীকানুবাদ** ঃ হে রাজা পরীক্ষিত ! অতঃপর অন্য তাদৃশ লীলা শোন, এই আশয়ে বলতে লাগলেন —জগ্রাহেতি—বলরাম জরাসন্ধকে থাবা দিয়ে ধরলেন— 'ওজসা' বেগে, সিংহ যেমন অপর সিংহকে ধরে। সাম্য অভিপ্রায় থাকায় মানুষের অনুরূপ ভাবেই

বধ্যমানং হতারাতিং পাশৈর্ব্বারুণমানুষৈঃ।
বারয়ামাস গোবিন্দস্তেন কার্য্যচিকীর্ষয়া ॥ ৩১ ॥

৩১। অন্বয় ঃ গোবিন্দঃ তেন (জরাসন্ধেন) কার্যচিকীর্ষয়া ('কার্যং' হননার্থং ভূভার-সৈন্যসম্মেলনং, তস্য চিকীর্ষা কর্তুমিচ্ছা তয়া) হতারাতিং (হতাঃ অরাতয়ঃ যেন তং জরাসন্ধং) বারুণমানুষৈঃ (বারুণৈঃ মানুষৈশ্চ) পাশৈঃ বধ্যমানং [জরাসন্ধং] বারয়ামাস (বন্ধনাৎ মোচয়ামাস)।

৩১। মূলানুবাদ ঃ শত্রুবিনাশী জরাসন্ধকে নিমিত্ত করত ভূভারস্বরূপ সৈন্যসমাবেশ ঘটানোর ইচ্ছায় গোবিন্দ রামের দিব্যবারুণ ও লৌকিক মানুষ পাশে বধ্যমান জরাসন্ধকে উদ্ধার করলেন।

ধরলেন—কাজেই দেখা যাচ্ছে, বলরাম মহাবলশালী হয়েও মনুষ্যভাব রক্ষার অপেক্ষা রেখেই ধরলেন ভগবৎ ঐশ্বর্য্য অপেক্ষা রেখে নয় কিন্তু। কোথাও পাঠ 'মহাবলম্' আছে। ॥ জী০ ৩০ ॥

৩০। শ্রীবিশ্বনাথ টীকা ঃ হতানীকশ্চাসৌ অবশিষ্টা অসব এব যস্য সচ তম্। ॥ বি০ ৩০ ॥

৩০। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ হতাধীকাবশিষ্টাসুং- যার সৈন্যদল হত হয়েছে, প্রাণ মাত্র অবশিষ্ট আছে, সেই জরাসন্ধ ॥ বি০ ৩০ ॥

৩১। শ্রীজীব বৈ০ তো০ টীকা ঃ মানুষীয়ৈস্ত্যস্তাপমানার্থম্। গোবিন্দ ইতি পূর্ব্ববৎ। অতএব তেন জরাসন্ধেন কৃত্বা যৎ কার্য্যং হননার্থং ভূভারসৈন্য-সংমেলং, তস্য চিকীর্ষয়া বারয়ামাস; মহারাজোঽয়ং সন্ধন্ধী চ, ততোঽধুনা কৃতাপরাধোঽপি ত্যাজ্যেতেতি রামস্তমত্রায়তেত্যর্থঃ। অত্র প্রকরণপ্রাপ্তস্য রামস্য 'ভীত্রার্থানাং ভয়হেতুঃ' (পা ১-৪-২৫) ইত্যনেনাপাদানত্বং, গোভ্যো যবান্ বারয়তীতিবৎ ॥ জী০ ৩১ ॥

৩১। শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ বারুণ-মানুষৈঃ—দিব্য ও লৌকিক অস্ত্র ব্যবহার করলেন—(দৃঢ় বন্ধনের জন্য) ও লোক সমাজে অত্যন্ত অপমানের জন্য। গোবিন্দ- গাং পৃথ্বীং বিন্দতি ইতি পৃথিবীকে পালন করে ইতি গোবিন্দ, ভূভার হরণের জন্য পৃথিবীতে সাক্ষাৎই অবতীর্ণ'। অতএব জরাসন্ধকে নিমিত্ত করে কার্য্যচিকীর্ষয়া—বধের জন্য ভূভার স্বরূপ সৈন্যের সমাবেশ করার ইচ্ছায় বন্ধনোদ্যত বলরামকে নিবারণ করলেন।—ইনি রাজা আমাদের আত্মীয়ও বটে, সুতরাং কৃতপরাধ হলেও ছেড়ে দেওয়াই উচিত। —এইরূপ বলে বলরামের হাত থেকে তাকে উদ্ধার করলেন ॥ জী০ ৩১ ॥

স যুক্তো লোকনাথাভ্যাং ব্রীড়িতো বীরসম্মতঃ।
তপসে কৃতসঙ্কল্পো বারিতঃ পথি রাজভিঃ ॥ ৩২ ॥

বাক্যৈঃ পবিত্রার্থপদৈর্নয়নৈঃ প্রাকৃতৈরপি।
স্বকর্ম্মবন্ধপ্রাপ্তোঽয়ং যদুভিস্তে পরাভবঃ ॥ ৩৩ ॥

৩২-৩৩। **অন্বয়** ঃ লোকনাথাভ্যাং [রামকৃষ্ণাভ্যাম্] মুক্তঃ অতএব ব্রীড়িতঃ বীরসম্মতঃ স (জরাসন্ধঃ) তপসে (তপস্যাং কর্তুং) কৃতসঙ্কল্পঃ, পথি রাজভিঃ [অনৈঃ নৃপতিভিঃ] বারিতঃ (তপসঃ নিবারিত বভূব) পবিত্রার্থপদৈঃ (ধর্মোপদেশপরাণি পদানি যেষু তৈঃ) বাক্যৈ, অপি (অপিচ) যদুভিঃ (অল্পকৈঃ যাদবৈঃ) তে (তব মহতঃ) অয়ং পরাভবঃ স্বকর্মবন্ধপ্রাপ্ত (কবলং নিজ কর্মবন্ধেন প্রাপ্তঃ) প্রকৃতৈঃ নয়নৈঃ (লৌকিক নীতিভিশ্চ) বারিতঃ (নিবারিত বভূব)।

৩২-৩৩। **মূলানুবাদ** ঃ লোকনাথ রামকৃষ্ণ কর্তৃক মুক্ত হয়ে বীর-অনুমত লজ্জায় জরাসন্ধ তপস্যা করতে কৃতসঙ্কল্প হল।

বনপথে শিশুপাল প্রভৃতি রাজগণ তাকে উৎসাহিত করতে লাগলেন—'হে মহারাজ অতিক্ষুদ্র যাদবদের কাছে আপনার এই পরাভব স্বকর্মফল বশতঃই হয়েছে, বীর্যাদির অভাব থেকে নয় এতে, আপনার লজ্জার কি আছে? —এইরূপ ধর্মোপদেশযুক্ত, লৌকিক নীতিপূর্ণ বাক্যে জরাসন্ধ তপস্যার সঙ্কল্প থেকে নিবারিত হল।

৩১। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ হতারাতিং হতপ্রায়মরাতিং কার্য্যং বধ্যানাং ভূভারভূতানাং সৈন্যানামেকত্র সংমেলনং তস্যৈব পুনঃ পুনস্তদ্দ্বারা চিকীর্ষয়া ॥ বি০ ৩১ ॥

৩১। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ বধ্যমানং হতারাতিং—যার দ্বারা শত্রু হতপ্রায় হয়েছে, (সেই জরাসন্ধকে)। [বলদেব—যার দ্বারা বহু শত্রু বধ হয়েছে, সেই জরাসন্ধকে।] কার্য্যচিকীর্ষয়া—ভূভার ভূত বধের যোগ্য সৈন্যদের একত্র সমাবেশ, এরই পুনঃপুনঃ, তদ্দ্বারা কার্যসাধন ইচ্ছায়। ॥ বি০ ৩১ ॥

৩২-৩৩। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ স মুক্ত ইতি যুগ্মকম্। লোকনাথাভ্যামিতি পূর্ব্বোক্তরীত্যা লোকহিতার্থমেবেতি ভাবঃ। অথ চ মহাশয়ত্বাৎ ঝটিতি তদ্বন্ধনে ত্বনাগ্রহশ্চ দর্শিতঃ; যতো বীরাণাং সম্মতঃ, অতো বন্ধে, ততোঽপি মোচনে ব্রীড়িতঃ; অতএব তপসে উদ্যতঃ। কথং যাদববলাদপি মম পরাজয়ঃ? তত ইতঃ ক্ষাত্রধর্ম্মং ন করিষ্যামি, কিন্তু তপসৈব শরীরং ত্যক্ষ্যামীতি বহিরভিমানজ্ঞাপনায়, অন্তস্তু বীর্য্যাতিশয়লাভায়েতি জ্ঞেয়ম্। পথি বনবর্ত্মনি তপোঽর্থমাশ্রিতে ॥

পবিত্রার্থপদৈঃ—ক্ষত্রিয়স্য বার্দ্ধক্য এব বৈরাগ্যে সতি তপঃ; যুদ্ধাদিকমেব মুখ্যো ধর্ম্মঃ, লজ্জয়া

তস্ত্যাগোঽনুচিত ইত্যাদি-লক্ষণৈঃ, যুদ্ধে কদাচিৎ জয়ঃ, কদাচিৎ পরাজয়োঽপি, তেন নির্ব্বেদঃ ক্ষত্রিয়-স্যাযোগ্য ইত্যাদি লক্ষণৈর্নয়নৈশ্চ। চ এবার্থে, স্বকর্ম্মবন্ধত এব প্রাপ্তঃ, ন তু বীর্য্যাদ্যভাবতঃ। অয়মিতি পাঠেঽন্যো ন ভাবীতি ভাবঃ। অন্যত্রৈঃ। যদ্বা, তত্র পবিত্রার্থপদান্যাহ— স্বেতি। অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্মেত্যাদি-শাস্ত্রীয়ন্যায়ানুগৃহীতত্বাৎ পবিত্রার্থপদত্বম্; প্রাকৃতৈরিতি যুদ্ধে বীরস্য মরণমপি শ্রেয়ঃ, ন তু তত্রাসক্ত্যাদিনা তপ ইত্যাদি-লক্ষণৈঃ। অন্যৎ সমম্। ॥ জী০ ৩২-৩৩ ॥

৩২-৩৩। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ** লোকনাথাভ্যাং— এখানে 'লোকনাথ' শব্দটি ব্যবহারের তাৎপর্য পূর্বে সর্বলোকনাথ হওয়া হেতু জরাসন্ধের মঙ্গলের জন্যই তাকে মুক্ত করা হল, এতে পূর্বোক্ত রীতিতে তার পুনঃপুনঃ শ্রীভগবৎদর্শন সিদ্ধি হেতু। অতঃপর শ্রীভগবান মহাশয় অর্থাৎ শমদমাদিগুণযুক্ত হওয়া হেতু ঝটিতি তার বধে অনাগ্রহও দর্শিত হল। যেহেতু বীরদের সম্মত, তাই বন্ধনেও তার থেকেও বন্ধনমুক্তিতে লজ্জা হল। অতএব 'তপসে' তপস্যা করতে কৃতসঙ্কল্প হলেন। যাদব সৈন্যের কাছে আমার পরাজয় হল কেন? তাই এরপর আর ক্ষত্রিয়ের ধর্মে চলব না, তপস্যা দ্বারাই শরীর ত্যাগ করব। এর বাইরের অর্থ তো অভিমান জানাবার জন্য— অন্তরের অর্থে তো বীর্যাতিশয় লাভের জন্য, এরূপ জানতে হবে। পথি— তপস্যা করার জন্য আশ্রিত বন পথে (অন্যান্য নৃপতিদের দ্বারা নিবারিত)।

পবিত্রার্থপদৈঃ—ক্ষত্রিয়ের বার্দ্ধক্যেই বৈরাগ্য হলে তপস্যা, যুদ্ধাদিই মুখ্য ধর্ম, লজ্জায় এ

ত্যাগ অনুচিত ইত্যাদি লক্ষণ বাক্যে। [পাঠ দুপ্রকার—'নর্য়নৈঃ স্বকর্মবন্ধপ্রাপ্তোঽয়ং' নর্য়নৈশ্চ স্বকর্মবন্ধপ্রাপ্তঃ] কদাচিৎ জয়, কদাচিৎ পরাজয়ও হয়—এতে নির্বেদ ক্ষত্রিয়ের অযোগ্য ইত্যাদি লক্ষণ নীতিবাক্যেও। **স্বকর্ম্মবন্ধপ্রাপ্তোঽয়ং** - চ এব অর্থে। এই পরাজয় স্বকর্মবন্ধ থেকেই প্রাপ্ত, বীর্যাদি অভাব থেকে নয়। **প্রাকৃতৈরপি নয়নৈশ্চ** —'চ' এব অর্থে। 'স্বকর্মবন্ধপ্রাপ্তোঽয়ং পাঠে এই পরাভবই হয়, অন্য কিছু নয় [স্বামিপাদের টীকার 'পবিত্রার্থানি 'স্ব' ইতি' অর্থাৎ ধর্মোপদেশপর পদসকল, যাতে সেই বাক্যনীতি দ্বারা—প্রাকৃত অর্থাৎ লৌকিক ইত্যাদি—সেই টীকার লৌকিক ন্যায় বলা হয়েছে স্বকর্ম ইতি'] অথবা 'কর্ম' অবশ্যই ভোক্তব্য কৃতকর্ম ইত্যাদি শাস্ত্রীয় ন্যায় প্রতিপালন করা হেতু পবিত্রার্থ পদরূপে ব্যক্ত হয়েছে। **প্রাকৃতৈরিতি**—যুদ্ধে বীরের মরণই শ্রেয়। তপস্যা ইত্যাদি লক্ষণ আসক্তি প্রভৃতি দ্বারা কিন্তু নয়। আর কিছু এই রকম ব্যাখ্যা ॥ জী০ ৩২-৩৩ ॥

৩২-৩৩। **শ্রীবিশ্বনাথ টীকা ঃ** লজ্জিতত্বে হেতুঃ বীরসম্মত ইতি ॥

পবিত্রাণি তত্ত্বোপদেশপরাণি। অর্থাঃ পদানি চ যেষু তৈঃ। নয়নৈর্নীতিভিঃ প্রাকৃতৈর্লৌকিকৈঃ। তত্র তত্ত্বোপদেশমাহুঃ,—স্বকর্মেতি। তবৈতৎ পরাভবদুঃখং ললাটোল্লিখিতমেব তৎ কথমন্যথা ভবতি "অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম" ইতি স্মৃতেঃ। এতদ্ব্যঙ্গেনার্থেন নীতিশ্চাহুঃ। সচার্থো যথা

হতেষু সর্ব্বানীকেষু নৃপো বার্হদ্রথস্তদা।
উপেক্ষিতো ভগবতা মগধান্ দুর্ম্মনা যযৌ ॥ ৩৪ ॥

৩৪। **অন্বয়** : সর্বানীকেষু (সর্বসৈন্যেষু) হতেষু তদা ভগবতা উপেক্ষিতঃ নৃপঃ বার্হদ্রথঃ (বৃহদ্রথঃ পুত্রঃ জরাসন্ধঃ) দুর্মনা (দুঃখিতচিত্তঃ সন্) মগধান্ (মগধরাজ্যং) যযৌঃ (গতবান)।

৩৪। **মূলানুবাদ** : রাজচক্রবর্তী বৃহদ্রথের পুত্র জরাসন্ধ পিতার নাম প্রচারকারক। অতএব তৎকালে সকল সৈন্য হত হলে অভিমানের অবস্থায় থাকা হেতু কৃষ্ণের দ্বারা উপেক্ষিত হয়ে দুঃখিতচিত্ত হয়ে মগধরাজ্যে চলে গেল।

যত্তেষ পরাভবস্তে প্রারব্ধকর্ম্মাধীন এব তর্হি কা তে লজ্জা, কঃ খলু বুদ্ধিমানতিক্ষুদ্রাৎ যাদবাদপি ত্বাং দুর্ব্বলং মংস্যতে যাদবেন সহ যুদ্ধে তব জয়ে সতি ন কিমপি যশঃ পরাজয়েঽপি ন কাচিল্লজ্জা। জরাসন্ধসিংহো হি কৃষ্ণসারং জিত্বাপি ন কমপ্যুৎকর্ষমজিত্বাপি ন কামপি নিন্দাং প্রাপ্নোতীতি বয়ং জানীমঃ। সমকক্ষেণাপি সহযুদ্ধে জয়-পরাজয়াভ্যাং ক্ষত্রিয়ৈ র্ন গর্ব্বদৈন্যে ধার্য্যে, কিমুত স্বতোঽতিন্যূনেনেতি শাস্ত্রমিতি ॥ বি॰ ৩২-৩৩ ॥

৩২-৩৩। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** : ব্রীড়িতঃ—লজ্জিত, এতে হেতু বীরসম্মত। বীর সমাজে সম্মত হল যুদ্ধে মরণ, বন্ধন-মুক্তি নয়, তাই বন্ধন-মুক্তিতে লজ্জা হল। পবিত্রাণি—তত্ত্বোপদেশ পর অর্থ ও পদসকল যাতে আছে সেইসকল নয়বৈঃ—প্রাকৃত-লৌকিক নীতি বাক্যে নিবারিত হল। তথায় তত্ত্বোপদেশ বলা হচ্ছে—স্বকর্ম ইতি অর্থাৎ আপনার এই পরাভব-দুঃখ ললাট লিখন নিশ্চয় তা অন্যথা হবে কি করে—'কৃতকর্মফল অবশ্য ভোক্তব্য'—ইতি স্মৃতি।—ইহা ব্যঙ্গার্থের দ্বারা (মুখ্যার্থাদি ব্যতীত ব্যঞ্জনাবৃত্তি দ্বারা অন্য অর্থ প্রকাশ দ্বারা) নীতি বলা হল।—সেই অর্থ বলা হচ্ছে, যথা—যদি এই পরাভব আপনার প্রারব্ধ কর্মাধীনই, তা হলে আপনার লজ্জা কি? কোন্ বুদ্ধিমান অতিক্ষুদ্র যাদবদের থেকে আপনাকে দুর্বল মনে করতে পারে? যাদবদের সঙ্গে যুদ্ধে আপনার জয় হলেও কোনও যশ হত না, পরাজয়েও কোন লজ্জাও নেই। জরাসন্ধ সিংহ কৃষ্ণসারমৃগকে জিতলেও কোনও উৎকর্ষতাপ্রাপ্ত হত না। হেরে গেলেও কোনও নিন্দাও প্রাপ্ত হয় নি,—এরূপই তো আমরা জানি। সমকক্ষের সহিতও যুদ্ধে জয় পরাজয়ের দ্বারা ক্ষত্রিয়গণ গর্ব-দৈন্য ধার্য করেন না। প্রতিপক্ষ স্বতঃ অতি ন্যূন হলে যে করেন না, এতে আর বলবার কি আছে ॥ বি॰ ৩২-৩৩ ॥

৩৪। **শ্রীজীব বৈ॰ তো॰ টীকা** : হতেষ্বিতি ত্রিকম্। নৃপতির্বার্হদ্রথঃ রাজচক্রবর্ত্ত্যয়ং, তদপত্যমিতি তন্নাম-বিখ্যাপক ইত্যর্থঃ; অতএব সাভিমানত্বাদুপেক্ষিতোঽপি দুর্ম্মনাঃ দুঃখিতচিত্তঃ। ॥ জী॰ ৩৪ ॥

মুকুন্দোঽপ্যক্ষতবলো নিস্তীর্ণারিবলার্ণবঃ।
বিকীর্য্যমাণঃ কুসুমৈস্ত্রিদশৈরনুমোদিতঃ ॥ ৩৫ ॥

মাথুরৈরুপসঙ্গম্য বিজ্বরৈর্মুদিতাত্মভিঃ।
উপগীয়মানবিজয়ঃ সূতমাগধবন্দিভিঃ ॥ ৩৬ ॥

৩৫-৩৬। অন্বয় ঃ অক্ষতবলঃ ('অক্ষতঃ' অবিনষ্টং 'বলং' সৈন্যমণ্ডলম্ যস্য তাদৃশঃ) নিস্তীর্ণারিবলার্ণবঃ ('নিস্তীর্ণঃ' অনায়াসেনৈব তীর্ণঃ অরীণাং বলমেবার্ণবঃ যেন সঃ) মুকুন্দোঽপি ত্রিদশৈঃ (দেবৈঃ) অনুমোদিতঃ (সাধু সাধু ইতি অনুমোদিতঃ) কুসুমৈঃ বিকীর্যমানঃ (পুষ্প বর্ষণেন পূজিতঃ) বিজ্বরৈঃ ('জ্বরঃ' শ্রীভগবদ দর্শনাদিনা 'বি' বিগতঃ তাপঃ যেষাং তৈঃ, তথাভূতৈঃ) [অতঃ] মুদিতাত্মাভিঃ মাথুরৈঃ উপসঙ্গম্য (মিলিত্বা) সূতমাগধবন্দিভিঃ (সূতৈঃ মাগধৈঃ বন্দিভিশ্চ) উপগীয়মান বিজয়ঃ যস্য সঃ তাদৃশ সন্ যযৌ (৩৪ শ্লোক)।

৩৫-৩৬। মূলানুবাদ ঃ মুক্তিদাতা শ্রীকৃষ্ণও নিজ সৈন্যনিবহকে অক্ষত রাখিয়া শত্রুসৈন্য-সাগর অনায়াসে পার হইত, শ্রীকৃষ্ণ দর্শনে বিগত সন্তাপ সুতরাং আনন্দিত মথুরাবাসীজনদের সহিত মিলিত হয়ে পুরমধ্যে যেতে লাগলে দেবগণ পুষ্পবর্ষণ করে জয় জয় ধ্বনি দিয়ে তাদের কার্যের অনুমোদন করলেন। সূত-মাগধ-বন্দিগণ বিজয় গানে তাদিগে বিভূষিত করতে লাগলেন।

৩৪। শ্রীজীব বৈ॰ তো॰ টীকানুবাদ ঃ নৃপতিবার্হদ্রথঃ—'বৃহদ্রথ' রাজচক্রবর্তী, এর পুত্র জরাসন্ধ এই জরাসন্ধ পিতার নাম বিশেষভাবে ঘোষণাকারী। অতএব তৎকালে গর্বেস্ফীত অবস্থায় থাকা হেতু কৃষ্ণের দ্বারা উপেক্ষিত হয়ে দুর্ম্মনাঃ - দুঃখিতচিত্ত হল। [সনাতন—'নৃপতি' সম্রাট তথাচ বৃহদ্রথস্য পুত্র অতএব উপেক্ষায় 'দুর্ম্মনাঃ' দুঃখিতচিত্ত হল, পুনরায় কৃষ্ণের সহিত যুদ্ধেচ্ছা চলে না, যাওয়া হেতু।] ॥ জী॰ ৩৪ ॥

৩৪। শ্রীবিশ্বনাথ টীকা ঃ বার্হদ্রথো বৃহদ্রথপুত্রো জরাসন্ধঃ ॥ বি॰ ৩৪ ॥

৩৪। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ বার্হদ্রথো—বৃহদ্রথপুত্র জরাসন্ধ ॥ বি॰ ৩৪ ॥

৩৫-৩৬। শ্রীজীব বৈ॰ তো॰ টীকা ঃ মুকুন্দ ইতি জরাসন্ধমোচনাভিপ্রায়েণ, নিস্তীর্ণেতি মর্ত্ত্যানুবিধত্বাৎ।

মুকুন্দোঽপি মাথুরৈঃ সহাভিমুখ্যেন সঙ্গম্য যযাবিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ; মধুপুরীমিতি শেষঃ। তাদৃশবর্ণিতপ্রাবীণ্যাৎ পরাস্ত্রাদিভির্ন ক্ষতমেব বলং যস্য সঃ; জয় জয়েত্যাদ্যনুমোদিতঃ ॥ জী॰ ৩৫-৩৬ ॥

৩৫-৩৬। শ্রীজীব বৈ॰ তো॰ টীকানুবাদ ঃ মুকুন্দ - মুক্তিদাতা, জরাসন্ধের মুক্তি অভি-

শঙ্খদুন্দুভয়ো নেদুর্ভেরীতূর্য্যাণ্যনেকশঃ ।
বীণাবেণুমৃদঙ্গানি পুরং প্রবিশতি প্রভৌ ॥ ৩৭ ॥

সিক্তমার্গাং হৃষ্টজনাং পতাকাভিরলঙ্কৃতাম্ ।
নির্ঘুষ্টাং ব্রহ্মঘোষেণ কৌতুকাবদ্ধতোরণাম্ ॥ ৩৮ ॥

৩৭-৩৮। **অন্বয়** ঃ প্রভৌ (শ্রীকৃষ্ণে) সিক্তমার্গাং ('সিক্তাঃ' চন্দনজলাদিভিঃ সংসিক্তাঃ মার্গাং যস্যাং তাং) হৃষ্টজনাং (হৃষ্টাঃ জনাঃ যস্যাং তাং) পতাকাভিঃ অলঙ্কৃতাং ব্রহ্মঘোষেণ (বেদঘোষেণ) নির্ঘুষ্টাং (নিতরাং নিনার্দিতাং) কৌতুকাবদ্ধ তোরণং ('কৌতুকেন' উৎসবেন 'আ' সর্বতোবদ্ধানি তোরণানি যস্যাং তাং) পুরং প্রবিশতি [সতি] শঙ্খদুন্দুভয়ঃ (শঙ্খাশ্চদুন্দুভয়শ্চ) ভেরীতূর্য্যানি অনেকশঃ নেদুঃ।

৩৭-৩৮। **মূলানুবাদ** ঃ শ্রীকৃষ্ণের পুরপ্রবেশকালে দিব্যবস্ত্র পরিহিত হৃষ্টজনগণ চন্দন জলে রাজপথ সকল ধুইয়ে দিলেন। পুরী সুসজ্জিত হয়ে উঠল পতাকাশ্রেণীতে ; তোরণ বাঁধা হল কৌতুকে, অতিশয় নিনাদিত হতে থাকল বেদধ্বনিতে। আর অসংখ্য শঙ্খ, দুন্দুভি, ভেরী, বীণা, বেণু, মৃদঙ্গ-সকল বেজে উঠল।

প্রায় হেতু এই নামের ব্যবহার—বিস্তীর্ণ—পার হলেন সৈন্যসাগর, নরলীলা অনুরূপভাবে, তাই এই শব্দের ব্যবহার।

মাথুরৈরুপ সঙ্গম্য - মুকুন্দও মথুরাবাসীদের সহিত **উপসঙ্গম্য**—নিকটে মিলিত হয়ে যযৌ ইতি (৩৪ শ্লোক) অন্বয় পুরীম্—মধুপুরীতে প্রবেশ করলেন। **অক্ষতবলো**—তাদৃশ প্রশংসিতদক্ষতা হেতু শত্রুর অস্ত্রাদি দ্বারা বল ক্ষয়প্রাপ্ত হয় নি। **অনুমোদিত**—জয়তি জয়তি ধ্বনি দিয়ে অনুমোদিত। [সনাতন—'মাথুরৈঃ' যাদবদের সহিত কিরূপ যাদবদের সহিত ? এরই উত্তরে যারা সম্মুখে ভগবানের সহিত মিলিত হয়ে **বিজ্বরৈঃ**—বিগত জ্বর অর্থাৎ শ্রীভগবৎ দর্শনাদিদ্বারা যাদের তাপ চলে গিয়েছে তাদের সহিত।] ॥ জী০ ৩৫-৩৬ ॥

৩৫-৩৬। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ মুকুন্দোঽপি যযাবিত্যনুষঙ্গঃ ॥ বি০ ৩৫-৩৬ ॥

৩৫-৩৬। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ 'মুকুন্দোঽপি যযৌ' এইরূপ অন্বয় করেই এই শ্লোকত্রয় শ্লোক ব্যাখ্যা ॥ বি০ ৩৫-৩৬ ॥

৩৭-৩৮। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ শঙ্খেতি যুগ্মকম্। অনেকশ ইত্যস্য সর্ব্বৈরপ্যন্বয়ঃ। হৃষ্টেতি দিব্যবস্ত্রাদি-ধারণঞ্চ সূচয়তি, কৌতুকেতি, কৌতুকেনেত্যর্থঃ। তৃতীয়া লুক্ ছান্দসঃ ; অতঃ সর্ব্বত্রাপি যোজ্যম্ ॥ জী০ ৩৭-৩৮ ॥

নিচীয়মানো নারীভির্ম্মাল্যদধ্যক্ষতাঙ্কুরৈঃ।
নিরীক্ষ্যমাণঃ সস্নেহং প্রীত্যুৎকলিতলোচনৈঃ ॥ ৩৯ ॥

আয়োধনগতং বিত্তমনন্তং বীরভূষণম্।
যদুরাজায় তৎ সর্ব্বমাহৃতং প্রাদিশৎ প্রভুঃ ॥ ৪০ ॥

৩৯-৪০। **অন্বয়** ঃ [সঃ শ্রীকৃষ্ণঃ পুরীমধ্যে] নারীভি মাল্য দধ্যক্ষতাঙ্কুরৈঃ (মাল্যানি, দধীনি, 'অক্ষতাঃ' যবাঃ, 'অঙ্কুরাণি' দুর্বাঅঙ্কুরাণি চ তৈঃ) নিচীয়মানঃ (বিকীর্যমানঃ) প্রীত্যুৎকলিত-লোচনৈঃ (প্রীতিপ্রফুল্লনয়নৈঃ) সস্নেহং নিরীক্ষ্যমাণঃ (সন্ প্রাবিশৎ ইতি শেষং)।

আয়োধনগতং (রণভূমিস্থং) বীরভূষণং অনন্তং বিত্তং আহৃতং (জনৈরানীতং) তৎসর্ববিত্তং যদু-রাজায় প্রাদিশৎ (উপহৃতবান্)।

৩৯-৪০। **মূলানুবাদ** ঃ শ্রীকৃষ্ণ নগর মধ্যে প্রবেশ করলে পুরনারীগণ তাঁর উপর মালা-দধি-যব-দুর্বাঙ্কুর ছিটিয়ে অভ্যর্থনা করত তাঁর দিকে সস্নেহে চেয়ে থাকলেন প্রীত্যুৎফুল্ল নয়নে।

রণক্ষেত্রে পতিত বীরগণের দেহস্থ যে অনন্ত আভরণ আহৃত হয়েছিল তা সমস্তই কৃষ্ণ যদুরাজ উগ্রসেনকে উপহার দিলেন।

৩৭-৩৮। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ শঙ্খ ইতি দুটি শ্লোক একসঙ্গে ব্যাখ্যা। **অনেকশঃ**—বহু বহু। এই শব্দটি সর্বত্রই অন্বিত হবে।

'হৃষ্টইতি' দিব্যবস্ত্রাদি ধারণও সূচিত হচ্ছে। কৌতুক ইতি কৌতুকাবদ্ধ— কৌতুকেন (অ০ দ্ধ)। অতএব এই 'কৌতুক' বাক্যটি সর্বত্রই অন্বিত করণীয় ॥ জী০ ৩৭-৩৮ ॥

৩৭-৩৮। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ পুরং বিশিনষ্টি সিক্তমার্গামিত্যাদিনা ॥ বি০ ৩৭-৩৮ ॥

৩৭-৩৮। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ মথুরাপুরীকে সিক্তমার্গ ইত্যাদি নানা বিশেষণে বিশেষিত করা হচ্ছে ॥ বি০ ৩৭-৩৮ ॥

৩৯-৪০। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ কীদৃশঃ সন্ প্রবিবেশ? তত্রাহ—নিচীয়েতি। প্রীত্যা হর্ষেণ উৎকলিতৈর্বিকসিতৈর্লোচনৈঃ কৃত্বা। অত্র টীকায়াং বিপরিণতানুসঙ্গ ইতি 'পুরং প্রবিশতি প্রভৌ' ইতি পূর্ব্বোক্ত-শতৃপ্রত্যয়স্য সপ্তম্যাশ্চ বিপরিণামাৎ; যদ্বা, নিচীয়মান ইতি পরেণ যুগ্মকম্ ॥

বীরাণাং ভূষণং গাত্রালঙ্করণম্, অতএবানন্তং, তেষামতিবাহুল্যাদগণনয়া মহাসম্পন্নত্বান্মূল্যেন চানি-রূপ্যমিত্যর্থঃ। আহৃতং জনৈরানায়িতং, যদুরাজায় স্বয়মেব তথা স্থাপিতায়োগ্রসেনায়ৈব, প্রকর্ষেণ রাজযোগ্যাদরপূর্ব্বকমদিশৎ উপহৃতবান্; যতঃ প্রভুঃ স্বয়ং তদ্বৈভবানপেক্ষঃ স্বমর্য্যাদাপালনপরশ্চেত্যর্থঃ। ॥ জী০ ৩৯-৪০ ॥

এবং সপ্তদশকৃত্বস্তাবত্যক্ষৌহিণীবলঃ।
যুযুধে মাগধো রাজা যদুভিঃ কৃষ্ণপালিতৈঃ ॥ ৪১ ॥

৪১। **অন্বয়** ঃ এবং রাজা মাগধো তাবত্যক্ষৌহিণী বলঃ (তাবতীভিচ্ছেদঃ তাবতি পরাজয়ে বর্তমানেঽপি অক্ষৌহিণ্যোক্তাবলং যস্য সঃ তথাভূতঃ সন্) কৃষ্ণপালিতৈঃ যদুভিঃ (যাদবৈঃ সহ) সপ্তদশ কৃত্বঃ (সপ্তদশবারান্) যুযুধে (যুদ্ধং কৃতবান্) ।

৪১। **মূলানুবাদ** ঃ এইরূপে তৎসংখ্যক পরাজয়ে তৎসংখ্যক সৈন্য মারা গেলেও ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সৈন্যসঙ্গে মগধরাজ জরাসন্ধ কৃষ্ণপালিত যাদবগণের সহিত সপ্তদশবার যুদ্ধ করলেন ।

৩৯-৪০। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ কিরূপ অভর্থনার মধ্যে কৃষ্ণ পুরি প্রবেশ করলেন ? এরই উত্তরে, **নিচীয়মানো**—তখন পুরনারীগণের দ্বারা দধ্যাদি নিক্ষিপ্ত হচ্ছিল তাঁর উপর **প্রীত্যুৎকলিতৈঃ লোচনৈঃ**—প্রীত্যুৎফুল্ল নয়ন নারীগণের দ্বারা। এই শ্লোকের শ্রীধর টিকার 'বিপরিণতানুষঙ্গ ইতি এই কথার তাৎপর্য হল—পূর্ব্বোক্ত ৩৭ শ্লোকের 'পুরং প্রবিশতি প্রভৌ' অর্থাৎ 'শ্রীকৃষ্ণের পুরী প্রবেশকালে' পূর্বোক্ত শতৃপ্রত্যয়ের সপ্তমীতে পরিবর্ত্তন হেতু—এই শ্লোকে অর্থ হবে—শ্রীকৃষ্ণের পুরী প্রবেশ হলে। অথবা 'নিচীয়মান ইতি' ৩৯ শ্লোকটি পরবর্তী ৪০ শ্লোকের সহিত যুগল।

বীরদের **ভূষণং**—গাত্রালঙ্কার, অতএব অনন্ত। অতি বাহুল্য হেতু গণনায় এবং অতি বিশিষ্ট হওয়া হেতু মূল্যে এই অলঙ্কার নিরূপণীয় নয়। **আহৃতং**—জনের দ্বারা আনিত। **যদুরাজায়**—যদুরাজকে অর্থাৎ কৃষ্ণ নিজেই সেইরূপে যাকে স্থাপিত করেছেন, সেই উগ্রসেনকেই **প্রাদিশৎ**—[প্র+আদিশৎ] রাজযোগ্য আদরপূর্বক 'আদিশৎ' উপহার দিলেন। যেহেতু **প্রভুঃ**—অর্থাৎ নিজে সেই বৈভব সম্বন্ধে নিরপেক্ষ থেকে সমর্যাদা-পালনপর ॥ জী০ ৩৯-৪০ ॥

৩৯-৪০। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ নিচীয়মানঃ বিকীর্যমাণঃ **প্রভুঃ** প্র বিশদিতি বিপরিণতানুষঙ্গ ইতি শ্রীস্বামিচরণাঃ। যদ্বা, প্রাদিশদিতি পরেণান্বয়ঃ ॥

আয়োধনং যুদ্ধভূমিস্তত্র পতিতং বীরাণাং ভূষণং গাত্রলগ্নম্ ॥ বি০ ৩৯-৪০ ॥

৩৯-৪০। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ **আয়োধনগতং**—যুদ্ধক্ষেত্র, তথায় পতিত বীরদের 'ভূষণং' গাত্রলগ্নভূষণ ॥ বি০ ৩৯-৪০ ॥

৪১। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ এবমিত্যনেন প্রতিবারং ত্রয়োবিংশত্যক্ষৌহিণ্যে জ্ঞেয়াঃ; তাদৃশং যুদ্ধাদিকং বনগমনোদ্যমশ্চ। অন্যত্তৈঃ। যদ্বা, তাবতীত্যত্র পুংবদ্ভাবাভাব আর্ষঃ। তাবত্যঃ ত্রয়োবিংশতিসংখ্যা অক্ষৌহিণ্যে বলং, সৈন্যং, তাভির্বা যুদ্ধসামর্থ্যং যস্য সঃ। কৃষ্ণপালিতৈরিতি পূর্ব্ববদক্ষতত্বাদিকং বোধ্যতে ॥ জী০ ৪১ ॥

অক্ষিণ্বংস্তদ্বলং সর্ব্বং বৃষ্ণয়ঃ কৃষ্ণতেজসা।
হতেষু স্বেষ্বনীকেষু ত্যক্তোঽগাদরিভির্নৃপঃ ॥ ৪২ ॥

৪২। **অন্বয়** ঃ বৃষ্ণয়ঃ (যাদবা) [এব] কৃষ্ণতেজসা (কৃষ্ণস্য পরাক্রমেণ হেতুনা) তদ্বলং (তস্য জরাসন্ধস্য সৈন্যং) সর্বং অক্ষিণ্বন্ (ক্ষয়ং নিন্যুঃ) [ততঃ] নৃপঃ (জরাসন্ধ স্বেষু স্বকীয়েষু অনীকেষু (সৈন্যেষু) হতেষু [সৎসু] অরিভিঃ পরিত্যক্তঃ নৃপঃ অগাৎ (স্বস্থানং গতবান্)।

৪২। **মূলানুবাদ** ঃ কৃষ্ণতেজ সম্বন্ধেই বর্ধিত তেজা যাদবগণ জরাসন্ধের সৈন্যসমূহ সংহার করল। সৈন্য বিনষ্ট হলে অবহেলায় পরিত্যক্ত জরাসন্ধ স্বগৃহে চলে গেল।

৪১। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ এবম্—এরদ্বারা বুঝানো হল যে প্রতিবারই ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সৈন্য-সঙ্গে যুদ্ধ করতে এসেছিল জরাসন্ধ। —এই প্রথমবারের মতই যুদ্ধাদি হয়েছিল এবং তৎপর জরাসন্ধের বনগমন উদ্যমও দেখা গিয়েছিল। [শ্রীধর—সেই সমস্ত পরাজয়ের পরও অক্ষৌহিণী সৈন্য মজুত যার সেই জরাসন্ধ সপ্তদশাকৃত্বঃ—সপ্তদশবার যুদ্ধ করল।] অথবা, তাবত্যঃ—ত্রয়োবিংশতি সংখ্যক অক্ষৌহিণী সৈন্য সংযোগে যুদ্ধ সামর্থ্য যার সেই জরাসন্ধ। কৃষ্ণপার্শ্বস্থৈঃ—এইবাক্যে পূর্বের মতোই কৃষ্ণের সৈন্য যে অক্ষতাদি ছিল, তাই বোঝাচ্ছে ॥ জী০ ৪১ ॥

৪১। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ তাবত্যঃ ত্রয়োবিংশতিসংখ্যা অক্ষৌহিণ্যো বলং সৈন্যং যস্য সঃ। পুংবদ্ভাবাভাব আর্ষঃ ॥ বি০ ৪১ ॥

৪১। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ তাবত্যক্ষৌহিণীবলঃ—ত্রয়োবিংশতি সংখ্যক 'বলং' সৈন্য যার সেই জরাসন্ধ।—[পুবদ্ভাবাভাব আর্ষ] ॥ বি০ ৪১ ॥

৪২। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ বৃষ্ণয় এব, ন তু পূর্ব্ববৎ শ্রীকৃষ্ণঃ শ্রীরামো বা, ন তু তত্র চ সাত্যক্যাদীনাং প্রাধান্যং ক্রমশো জ্ঞেয়ম্। কৃষ্ণতেজঃসেতি বহ্নিনা জ্বালানামিব শ্রীকৃষ্ণেন সমবায় এব তেষাং তেজো বর্দ্ধত ইত্যভিপ্রায়েণৈব, ন তু তদভাবাপেক্ষয়া, 'নৃলোকে চাপ্রতিদ্বন্দ্বা বৃষ্ণীন্ শ্রুত্বা-ত্মসম্মিতান্' ইতি বক্ষ্যমাণাৎ; অতএবারিভির্বৃষ্ণিভিরেব ত্যক্তঃ, শ্রীকৃষ্ণাভিপ্রায়েণেতি ভাবঃ; কিংবা অরিভির্হতেষু পূর্ব্ববৎ। শ্রীভগবতা ত্যক্তঃ সন্ ॥ জী০ ৪২ ॥

৪২। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ বৃষ্ণয় যাদবরাই। পূর্বের মত শ্রীকৃষ্ণ-শ্রীরামের পুরি প্রবেশ সাত্যকাদিদের প্রাধান্যেও নয়, ইহা ক্রমশঃ জানা যাবে। কৃষ্ণতেজসা—আগুনের আঁচের মত শ্রীকৃষ্ণের তেজের সম্বন্ধেই ঐ যাদবদের তেজ বর্ধিত হল এই অভিপ্রায়েই 'বৃষ্ণয়' শব্দটির ব্যবহার—তাদের তেজের অভাব অপেক্ষায় হয়নি-৪৪ শ্লোকে বলাও হয়েছে-যাদবগণকে আত্মতুল্য বীর্যবান শ্রবণ করে।' অতএব অরিভিঃত্যক্তঃ—শত্রু যাদবগণের দ্বারা ত্যক্ত হয়ে, (ত্যক্ত হল কৃষ্ণের

অষ্টাদশমসংগ্রামে আগামিনি তদন্তরা
নারদপ্রেষিতো বীরো যবনঃ প্রত্যদৃশ্যত ॥৪৩॥

রুরোধ মথুরামেত্য তিসৃভির্ম্লেচ্ছকোটিভিঃ।
নৃলোকেচাপ্রতিদ্বন্দ্বো বৃষ্ণীন্ শ্রুত্বাত্মসম্মিতান্ ॥৪৪॥

৪৩ **অন্বয়** ঃ [ততঃ] অষ্টাদশমসংগ্রামে (অষ্টাদশে সংগ্রামে) আগামিনি (ভবিষ্যমানে সতি) তদন্তরা (তন্মধ্যে) নারদপ্রেষিতঃ বীরঃ যবনঃ (কালযবনঃ) প্রত্যদৃশ্যতঃ (সহ সৈবাভিমুখ্যেন মাথুরাণাং দৃষ্টিবিষয়ো বভূব)।

৪৪। **অন্বয়** ঃ নৃলোকে চ (দেবলোকেপীত্যর্থঃ) অপ্রতিদ্বন্দ্বঃ বৃষ্ণীন্ (যাদবান্) আত্মসম্মিতান্ (আত্মতুল্যান্) শ্রুত্বা মথুরাম্ এত্য (আগতৎ) তিসৃভিঃ ম্লেচ্ছকোটিভিঃ (ত্রিকোটিপরিমিত ম্লেচ্ছসৈন্যৈঃ) [তাং পুরীং] রুরোধ (অবরুদ্ধবান্)।

৪৩। **মূলানুবাদ** ঃ অতঃপর অষ্টাদশবার সংগ্রামের সময় এসে গেলে তন্মধ্যেই নারদকর্তৃক প্রেরিত বীর্য্যবলোন্মত্ত কালযবন সহসাই মথুরাবাসীদের সম্মুখে এসে উপস্থিত হল।

৪৪। **মূলানুবাদ** ঃ নৃলোকে, এমন কি দেবলোকেও অপ্রতিদ্বন্দ্বী কালযবন যাদবদের আত্মতুল্য শুনেই মথুরায় এসে তিন কোটি ম্লেচ্ছসৈন্যে পুরী অবরোধ করল।

এই অভিপ্রায়ে, যথা জরাসন্ধ বেচে থাকলে পুনরায় ভুভারস্বরূপ সৈন্য সমাবেশ করবে)। কিম্বা যাদবদের দ্বারা নিজের সবসৈন্য হত হলে কৃষ্ণের দ্বারাই পূর্ববৎ ত্যক্ত হয়ে। জী০ ৪২ ॥

৪২। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ অক্ষিণ্বন্ ক্ষয়ং নিন্যুঃ ॥৪২॥

৪২। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ **অক্ষিণ্বন**—বিনাশ সাধন করলেন।

৪৩। **শ্রীজীব০ বৈ০ তো০ টীকাঃ** প্রত্যদৃশ্যত সহসৈবাভিমুখ্যেন মাথুরাণাং দৃষ্টিবিষয়ো বভুব, অতিশীঘ্রং প্রাপ্ত ইত্যর্থঃ। নারদেন প্রেরিত ইত্যাদৌ বিশেষঃ শ্রীবিষ্ণুপুরাণে—'গার্গ্যং গোষ্ঠে দ্বিজং শ্যালঃ ষণ্ড ইত্যুক্তবান্ দ্বিজ। যদূনাং সন্নিধৌ সর্ব্বে জহসুর্যাদবাস্ততঃ ॥ ততঃ কোপসমাবিষ্টো দক্ষিণাপথমেত্য সঃ। সুতমিচ্ছংস্তপস্তেপে যদুচক্রভয়াবহম্ ॥ আরাধয়ন্ মহাদেবং সোঽয়শ্চূর্ণমভক্ষয়ৎ। দদৌ বরঞ্চ তুষ্টোঽসৌ বর্ষে দ্বাদশমে হরঃ ॥ সভাজয়ামাস চ তং যবনেশোঽপ্যনাত্মজঃ। তদ্যোষিৎসঙ্গমাচ্চাস্য পুত্রোঽভূদলিসংপ্রভঃ ॥ তং কালযবনং নাম রাষ্ট্রে স্বে যবনেশ্বরঃ। অভিষিচ্য বনং যাতো বজ্রাঙ্গকঠিনোরসম্ ॥ স চ বীর্য্যবলোন্মত্তঃ পৃথিব্যাং বলিনো নৃপান্। পপ্রচ্ছ নারদশ্চাসৌ কথয়ামাস যাদবান্ ॥' ইতি। প্রেষিত ইতি পাঠঃ ক্বচিৎ ॥৪৩

তং দৃষ্ট্বাচিন্তয়ৎ কৃষ্ণঃ সঙ্কর্ষণসহায়বান্।
অহো যদূনাং বৃজিনং প্রাপ্তং হ্যুভয়তো মহৎ॥৪৫॥

৪৫। **অন্বয়** ঃ সঙ্কর্ষণসহায়বান্ কৃষ্ণ তং (কালযবনং) দৃষ্ট্বা অচিন্তয়ৎ অহো হি (নিশ্চিতং) উভয়থঃ (কালযবনাৎ জরাসন্ধাচ্চ) যদূনাং মহৎ বৃজিনং (দুঃখং) প্রাপ্তং (সমুপস্থিতং)।

৪৫। **মূলানুবাদ** ঃ কালযবনকে সমাগত দেখিয়া বলদেবের সহিত বিরাজমান কৃষ্ণ চিন্তা করতে লাগলেন, অহো সম্প্রতি কালযবন ও জরাসন্ধ উভয় হতেই যাদবদের মহাদুঃখ উপস্থিত হল।

৪৩। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ কালযবন প্রত্যদৃশ্যতঃ - সহসাই সম্মুখে এসে দাঁড়ালে মথুরাজনদের দৃষ্টি-বিষয় হল অর্থাৎ অতিশীঘ্র দৃষ্টির গোচর হল। **নারদপ্রেষিতঃ**—নারদের দ্বারা প্রেরিত ইত্যাদি বিষয়ে শ্রীবিষ্ণুপুরাণে এরূপ আছে—যথা, গর্গমুনির পুত্র গার্গ্যমুনিকে তার শ্যালক যাদবদের সম্মুখে ক্লীব বলে উপহাস করায় যাদবগণ উচ্চহাস্য করেছিল—এতে ঐ গার্গ্যমুনি ক্রুদ্ধ হয়ে যাদবদের ভয়কারী পুত্র লাভার্থে লৌহচূর্ণ ভক্ষণ করে তপস্যা করতে লাগলেন মহাদেবকে। সন্তুষ্ট তাঁর বরে ভ্রমরের ন্যায় কৃষ্ণবর্ণ মহাবলবান একপুত্র লাভ করলেন গার্গ্যমুনি যবনেশ্বর-পত্নীর সহবাস, যার নাম হল কালযবন। যবনেশ্বর সেই বজ্রাগ্রকঠিন বক্ষস্থল বিশিষ্ট পুত্রকে নিজরাজ্যে অভিষিক্ত করে বনে গমন করলেন। বীর্যবলোন্মত্ত সেই কালযবন একদিন মহর্ষি নারদের নিকট পৃথিবীস্থ নৃপতিদের কথা জিজ্ঞাসা করায় তিনি যাদবদের কথা জানালেন,—তাই বলা হল নারদ প্রেরিত। জী০ ৪৩।

৪৪। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ অপ্রতিদ্বন্দ্বঃ প্রতিযোধরহিতঃ; শ্রুত্বা শ্রীনারদাদেব।।

৪৩-৪৪। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ নারদপ্রেরিত ইতি বিষ্ণুপুরাণে কথা। যথা,—কদাচিদ্গার্গ্যঃ স্বশ্যালেন শণ্ড ইতি পরিহসিতঃ তং শ্রুত্বা যাদবো বহু জহসুঃ। ততস্তেষাং হাস্যেন বহুকুপিতো গার্গ্যো দক্ষিণাপথং গত্বা যাদবভয়ঙ্করো মে পুত্রো ভবত্বিতি সঙ্কল্প্য অয়শ্চূর্ণং ভুঞ্জানো মহাদেবমারাধ্য দ্বাদশ বর্ষান্তে তস্মাৎ স্বাভীষ্টং বরং প্রাপ্য হৃষ্যন্ স্বগৃহমাগাচ্ছন্নপুত্রকেণ পুত্রার্থং যবনেশ্বরেণ স বৃতস্তদ্ভার্যায়াং কালযবনং পুত্রং জনয়ামাস, স চ কালযবনঃ মহাকালোন্মত্তঃ পৃথিব্যামিদানীং কে বলিনে। নৃপা ইতি নারদং পপ্রচ্ছ; স চযদূন্ প্রাহ। এবং নারদপ্রেষিতো মথুরায়াং দৃষ্টো বভূব ॥৪৩-৪৪॥

৪৩-৪৪। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ নারদপ্রেরিত ইত্যাদি সম্বন্ধে বিষ্ণুপুরাণের কথা, যথা—কদাচিৎ গর্গমুনির পুত্র গার্গ্য নিজ শ্যালকের দ্বারা নপুংসক বলে পরিহাসিত হলে উহা শুনে যাদবগণ বহু হাসাহাসি করতে লাগলেন। অতঃপর তাদের হাসিতে বহুকুপিত গার্গ্য দাক্ষিণাত্যে গিয়ে 'যাদব—ভয়ঙ্কর পুত্র হোক' এরূপ সঙ্কল্প করত লৌহচূর্ণ-ভোজী হয়ে মহাদেবকে আরাধনা করত ১২ বৎসর পরে তাঁর থেকে স্বাভীষ্ট বর পেয়ে সন্তুষ্ট হওয়ত নিজ গৃহে আগত হয়ে অপুত্রক যবনেশ্বরের দ্বারা নিযুক্ত

যবনোঽয়ং নিরুন্ধেঽস্মানদ্য তাবন্মহাবলঃ।
মাগধোঽপ্যদ্য বা শ্বো বা পরশ্বো বাগমিষ্যতি ॥৪৬॥

আবয়োর্যুধ্যতোরস্য যদ্যাগন্তা জরাসুতঃ।
বন্ধূন্ হনিষ্যত্যথবা নেষ্যতে স্বপুরং বলী ।৪৭॥

৪৬। **অন্বয় ঃ** মহাবলঃ অয়ং যবনঃ অদ্য তাবৎ (সাকল্যে) অস্মান্ নিরুন্ধে (আবৃনোতি) মাগধোঽপি অদ্য বা (আগামিনি দিবসে বা) পরশ্ব (তৎপর দিবসে) বা আগমিষ্যতি।

৪৭। **অন্বয় ঃ** অস্য (অনেন যবনেন সহ) আবয়োঃ যুদ্ধতোঃ (যুদ্ধং কুর্বতোঃ সতোঃ) যদি জরাসুতঃ আগন্তা (আগমিষ্যতি) [তদা] বলী (বলবান্ সঃ জরাসন্ধঃ) বন্ধূন্ হনিষ্যতি অথবা স্বপুরং নেষ তি।

৪৬। **মূলানুবাদ ঃ** মহাবলশালী এই কালযবন আজ আমাদিগকে চতুর্দিক থেকে ঘিরে ধরছে, জরাসন্ধও আজ বা কাল বা পরশু এসে উপস্থিত হবে।

৪৭। **মূলানুবাদ ঃ** সগণ আমরা কালযবনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হলে সেই ফাঁকে যদি জরাসন্ধ এসে যায়, তা হলে যুদ্ধে অলিপ্ত মথুরাপুরীর বৃদ্ধ বালকদিগকে এবং ব্রজস্থ গোপদিগকে সে হত্যা করবে, অথবা তুলে নিয়ে যাবে নিজ-পুরীতে।

হলেন তাঁর ভার্যায় পুত্র জন্মানোর জন্য। যথা সময়ে গার্গ্য কালযবন নামক পুত্র জন্মালেন। সেই মহাবলোন্মত্ত কালযবন নারদকে জিজ্ঞাসা করল, পৃথিবীতে ইদানীং কে কে বলবান নৃপ, এর উত্তরে নারদ যদুদের নাম করলেন,—এইরূপে নারদের দ্বারা প্রেরিত হয়ে সে মথুরায় দৃষ্ট হল। বি০ ৪৩-৪৪ ॥

৪৫। **শ্রীজীব বৈ০ তো০ টীকা ঃ** সঙ্কর্ষণসহায়বানিতি—মথুরাতো দূরগমনে তস্য সম্মতি-গ্রহণার্থং তেন সহেত্যর্থঃ, মর্ত্যানুবিধত্বাদেবেতি ভাবঃ, অতএবাহ—অহো ইত্যাদি। অহো খেদে, হি নিশ্চিতম্ ॥জী০ ৪৫॥

৪৫। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ** সঙ্কর্ষণসহায়বান্ ইতি—মথুরা থেকে দূরগমন সম্বন্ধে বলদেবের অভিমত গ্রহণের জন্য তার সহিত মিলিত, মর্তলোকের অনুরূপ ভাবে। অতএব বললেন 'অহো ইত্যাদি'—'অহো খেদে হি—নিশ্চিত জী০ ৪৫॥

৪৬। **শ্রীজীব বৈ০ তো০ টীকা ঃ** নিতরাং রুন্ধে আবৃণোতি, যত মহাবলঃ; অত ইত্যতোঽপসর্ত্তুমপি ন শকাত ইতি ভাবঃ ।জী০ ৪৬॥

৪৬। **শ্রীজীব০ বৈ০ তো০ টীকানুবাদঃ** নিরুন্ধে—['নি' নিতরাং + রুন্ধে] সম্পূর্ণ ঘিরে ধরছে, কারণ জরাসন্ধ বহুসৈন্যসমন্বিত—অতএব পরে এই পুরী থেকে বেরিয়ে যেতেও পারব না, এরূপ ভাব। [শ্রীবলদেব নিরুন্ধে আবৃণোতি] ।জী০ ৪৬॥

তস্মাদদ্য বিধাস্যামো দুর্গং দ্বিপদদুর্গমম্।
তত্র জ্ঞাতীন্ সমাধায় যবনং ঘাতয়ামহে ।৪৮।

৪৮। **অন্বয়** ঃ তস্মাৎ অদ্য দ্বিপদদুর্গমং (মনুষ্যজন দুরাসদং) দুর্গং বিধাস্যামঃ (রচয়িষ্যামঃ) তত্র জ্ঞাতীন্ সমাধায় (স্থিরতয়া সুখং স্থাপয়িত্বেত্যর্থঃ) যবনং (কালযবনং) ঘাতয়ামহে (অন্যেন মারয়িষ্যাম) [রুদ্র দত্ত বরপালনার্থম্]।

৪৮। **মূলানুবাদ** ঃ অতএব অদ্যই মানুষের দুর্গমনীয় একটি দুর্গ অতিশয় মজবুত করত নির্মান করব শ্রীবলদেব প্রভৃতিকে নিয়ে। সেই দুর্গে জ্ঞাতিদিগকে সুখপ্রদরূপে বসিয়ে দিয়ে কালযবনকে বধ করাব (অন্যের দ্বারা, রুদ্রদত্ত বরপালনার্থে)

৪৫-৪৬। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ কৃষ্ণো যাদবস্নেহাবিষ্টত্বাদচিন্তয়ৎ। উভয়তো যবনাৎ জরাসন্ধাচ্চ ॥৪৫-৪৬॥

৪৫-৪৬। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ কৃষ্ণ যাদবদের প্রতি স্নেহাবিষ্টতা হেতু চিন্তাকুল হলেন। উভয়তঃ— কালযবন থেকে এবং জরাসন্ধ থেকে।বি০ ৪৫-৪৬॥

৪৭। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ আবয়োঃ সগণয়োরিতি শেষঃ; বন্ধ্নন্ অযোদ্ধ্নন্ তত্রত্য-বৃদ্ধবালাদীন্, ব্রজস্থগোপাংশ্চ; তেষামবধ্যত্বমনুসন্ধায়াহ—নেষ্যন্ত ইতি।জী০ ৪৭॥

৪৭। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ** ঃ— আবয়োঃ— সগণে আমরা দুজন। বন্ধ্নন্— যুদ্ধ করছে না, এরূপ বালক, বৃদ্ধ এবং ব্রজস্থ গোপসকলকে হত্যা করবে। এদের অবধ্যত্বের কথা মনে পড়ায় বললেন নেষ্যন্তে—ধরে নিয়ে যাবে।

৪৮। **শ্রীজীব বৈ০ তো০ টীকা** ঃ অদ্যৈব বিধাস্যামঃ, বহুত্বং, বিনয়েন, শ্রীরামাদ্যপেক্ষয়া সম্যক্ স্থিরতয়া, সুখম্ আধায় স্থাপয়িত্বা, ঘাতয়ামহে ইত্যন্যকর্ত্রপেক্ষয়া রুদ্রবরপালনার্থম্। অত্র শ্রীহরিবংশে ত্বিয়মপি ভগবতো হেতূক্তিঃ—'ইয়ঞ্চ মাথুরী ভূমিরল্পা গম্যা পরস্য তু। বৃদ্ধিশ্চৈব পরাস্মাকং বলতো মিত্রতস্তথা॥ কুমারকোট্যো যাশ্চেমাঃ পদাতীনাং গণাশ্চ যে। এষামপীহ বসতাং সম্মর্দ্দমুপলক্ষয়ে॥' ইত্যাদি। অত্রেদং বিমৃশ্যতাম্—যাদবাবাসান্তঃ-পুরীযোগ্য-সমুদ্রান্তঃস্থ দ্বাদশযোজনাত্মক-পরাগম্য-দ্বারকাতো মথুরাভূমেবিস্তীর্ণত্বান্নায়ং কেবল-যাদবানধিকৃত্য শ্রীভগবতঃ পরামর্শঃ, কিন্ত্বয়ং নিগূঢ়োঽভিপ্রায়ঃ—সম্প্রতি যাদব-জ্ঞাতিকৃতয়া তদাদি সাহায্যেন ভূভারহরণায় লীলান্তরমারব্ধাঃ স্মঃ, অতঃ শ্রীগোপানাং স্বস্মিন্নেব নিশ্চিত-মজ্জাতিভাবানাং নিত্যমেব বর্দ্ধমানৈর্যাদবৈর্ভাবিনী সঙ্কীর্ণতা ন যুক্তা দুষ্টোপদ্রবাশঙ্কা চ তেষামপ্যুপস্থিতা, শ্রীমদুদ্ধবদ্বারা মদীয়-তত্রত্য-নিত্যলীলাস্ফোরণেন বিরহদুঃখ-সমাধানপ্রায়ঞ্চ তেষাং কৃতবানস্মি, ততো দুষ্টান্ প্রতি তেষু নির্জৌদাসীন্যব্যঞ্জনায় যাদবানাং গোপালকেন যে চ মর্ত্ত্যানুবিধস্য মম বিদূরদুর্গগমনমেব যুক্তমিতি।জী০ ৪৮॥

ইতি সম্মন্ত্র্য ভগবান্ দুর্গং দ্বাদশযোজনম্ ।
অন্তঃসমুদ্রে নগরং কৃৎস্নাদ্ভুতমচীকরৎ ।৪৯।

৪৯। **অন্বয়ঃ** ভগবান্ ইতি (এবম্প্রকারং) সম্মন্ত্র্য (নিশ্চিত্য) অন্তঃ সমুদ্রে (সমুদ্র মধ্যে) দ্বাদশযোজনং (দ্বাদশযোজন বিস্তীর্ণং) দুর্গং [তন্মধ্যে] কৃৎস্নাদ্ভুতং (সর্বাশ্চর্যময়ং) নগরং অচীকরৎ (কারয়ামাস, বিশ্বকর্মণেতি শেষঃ)

৪৯। **মূলানুবাদঃ** শ্রীকৃষ্ণ এইরূপ নিশ্চয় করত সমুদ্রের মধ্যে ৪৮ মাইল বিস্তীর্ণ দুর্গ স্থাপন করে তার মধ্যে সর্বাশ্চর্যময় নগর নির্মাণ করালেন বিশ্বকর্মার দ্বারা।

৪৮। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদঃ** **অদ্য বিধাস্যামো**—আজই নির্মাণ করব, এখানে একবচনে 'বিধাস্যামি' না বলে বহুবচনে 'বিধাস্যামঃ' বললেন বিনয়ে শ্রীরামাদির অপেক্ষায়। (জ্ঞাতীন্) **সমাধায়**—[সম্+আধায়] সুখপ্রদ অবস্থায় প্রতিষ্ঠিত করে দিয়ে এসে **যবনং ঘাতয়ামহে**—কাল-যবনকে বধ করাব, এখানে অন্যকর্তার অপেক্ষায় ক্রিয়ার এরূপ প্রয়োগ। রুদ্র বর পালনের জন্য মুচু-কুন্দকে দিয়ে বধ।

এ সম্বন্ধে শ্রীহরিবংশে কিন্তু ইহাই শ্রীকৃষ্ণের প্রযোজক উক্তি—এখনই তো মথুরাভূমি অল্পলোকের বাসযোগ্য, পরেতো লোকসংখ্যা আরও বেড়ে যাবে—আমাদের সৈন্যে, বন্ধুবর্গে অসংখ্য বালকে এবং পায়-হাঁটা লোকসমূহে মনে হয় এই সকল বসবাস করার লোকদের ঠেলাঠেলি ভীড় হয়ে যাবে।

এ বিষয়ে এরূপ চিন্তা করছি—যাদবদের আবাসস্থল যেখানে শেষ হয়েছে, সেখান থেকে নগরযোগ্য সমুদ্রের অন্তঃস্থ দ্বাদশযোজনাত্মক শত্রুর অগম্য দ্বারকা থেকে মথুরাভূমির বিস্তীর্ণতা হেতু শ্রীহরিবংশে শ্রীকৃষ্ণের উপর্যুক্ত কথা কেবল যাদবদের ধরেই নয়। কিন্তু তাঁর কথার নিগূঢ় অভিপ্রায় ইহাই—সম্প্রতি বৃন্দাবনবাসিগণ যাদবদের জ্ঞাতি হওয়া হেতু সেই সব লোকাদির সাহায্যের দ্বারা ভুভার হরণের জন্য অন্য লীলা আরম্ভ হল। অতঃপর নিজ অন্তরেই নিশ্চিত মৎজ্ঞাতি ভাববিশিষ্ট শ্রীগোপেদের নিত্যই লোক সংখ্যায় বেড়ে বেড়ে উঠা যাদবদের সহিত ভবিষ্যতে ঠেলাঠেলি ভীড় হওয়ারই সম্ভাবনা, ইহা যুক্তিযুক্ত নয় উপরন্তু এতে ঐ গোপদের দুষ্ট উপদ্রব আশঙ্কাও উপস্থিত হয়ে গিয়েছে। আর শ্রীউদ্ধব-দ্বারা মদীয় তৎস্থানীয় নিত্যলীলা স্ফোরণের দ্বারা তাঁদের বিরহদুঃখ সমাধানপ্রায় করে দিয়েছি। অতঃ পর এখন দুষ্টের কাছ গোপদের প্রতি নিজ ঔদাসীন্য ব্যঞ্জিত করার জন্য যাদবদের এবং গোপালক রূপে মর্তানুরূপ আমার সুদূর দুর্গ-গমনই যুক্তি যুক্ত। শ্রীহরিবংশের শ্রীভগবৎ-উক্তি ধরে শ্রীসনাতন প্রভুর ব্যাখ্যা, যথা—অতএব বহুযোজন বসতিস্থানের প্রয়োজন পড়ে গিয়েছে। এখানেই নিবাস হলে ব্রজভূমির উপর আবরণ এসে যাবে, তাই সুদূরে শ্রীমথুরা সম্বন্ধযুক্ত কুশস্থলীতে (দ্বারকায়) বসতি

দৃশ্যতে যত্র হি ত্বাষ্ট্রং বিজ্ঞানং শিল্পনৈপুণম্।
রথ্যাচত্বরবীথীর্ভির্যথাবাস্তু বিনির্ম্মিতম্ ॥৫০॥
সুরদ্রুমলতোদ্যানবিচিত্রোপবনান্বিতম্।
হেমশৃঙ্গৈর্দিবিস্পৃগ্‌ভিঃ স্ফটিকাট্টালগোপুরৈঃ ॥৫১॥

রাজতারকুটৈঃ কোষ্ঠৈর্হেমকুম্ভৈরলঙ্কৃতৈঃ।
রত্নকূটৈর্গৃহৈর্হেমৈর্ম্মহামারকতস্থলৈঃ ॥৫২॥

বাস্তোষ্পতীনাঞ্চ গৃহৈর্বলভীভিশ্চ নির্ম্মিতম্।
চাতুর্ব্বর্ণ্যজনাকীর্ণং যদুদেবগৃহোল্লসৎ ॥৫৩॥

৫০-৫৩। **অন্বয়** ঃ যত্র (নগরে) হি (নিশ্চিতং) ত্বাষ্ট্রং ('ত্বাষ্টা' বিশ্বকর্মা তদীয়ং বিজ্ঞানং (পাণ্ডিত্যং) শিল্পনৈপুম্ (শিল্পকর্মনি নৈপুণ্যং) দৃশ্যতে (সম্যক্ পরিলক্ষ্যতে) তদাহ—রথ্যাচত্বর বীথিভিঃ ('রথ্যা' রাজমার্গাঃ 'চতুরাণি' অঙ্গণানি, 'বীথ্যঃ' উপমার্গাঃ তৈঃ) 'যথাবাস্তু' (বাস্তুগৃহাদি নির্মাণস্থানমনতিক্রম্য) 'বিনির্মিতং' সুরদ্রুমলতোদ্যানবিচিত্রোপবনান্বিতং হেম শৃঙ্গৈঃ (হেমময়শৃঙ্গান্বিতৈঃ) দিবি স্পৃগ্‌ভিঃ (স্পর্শিভিঃ) স্ফটিকাট্টাল—গোপুরৈঃ (স্ফটিকা উপরি ভূমিকা—'গোপুরাণি' পুরদ্বারাণি তৈঃ) রাজতারকুটৈঃ (রাজতঞ্চ আরকুটঞ্চ পীত্তল-লৌহং পিত্তলমিতিযাবৎ তাভ্যাং নির্মিতৈঃ কোষ্ঠৈঃ (অশ্বশালাদিভিশ্চ) নির্মিতং, রত্নকূটৈঃ (পদ্মরাগ বিশিষ্ট শিখরৈঃ) হৈমৈঃ (সুবর্ণনির্মিতৈঃ) মহামারকতস্থলৈঃ (মহামরকতময়ানি স্থলানি যেষু তৈঃ) গৃহৈঃ, চ (কিঞ্চ) বাস্তোষ্পতীনাং (দেবানাং) গৃহৈঃ, বলভীভিশ্চ (চন্দ্রশালিকাভিশ্চ) নির্মিতং, চাতুর্বর্ণজনাকীর্ণং যদুদেব গৃহোল্লসৎ ('যদুদেব' শ্রীকৃষ্ণ তস্য গৃহৈঃ উল্লসৎ (শোভমানং) ।৫০-৫৩॥

৫০-৫৩। **মূলানুবাদ** ঃ ঐ নগরে বিশ্বকর্মার পাণ্ডিত্য ও শিল্পকর্মে নৈপুণ্য সম্যক্‌প্রকারে পরিলক্ষিত হচ্ছিল। ঐ নগরে সংযোজিত রাস্তা-গৃহ-উদ্যানাদি ও তার নির্মাণ পদ্ধতি নিম্নে বিবৃত হচ্ছে, যথা—বাস্তুগৃহাদি নির্মাণ স্থান অতিক্রম না করে সুনির্মিত রাজপথ, গলি, অঙ্গন, কল্পবৃক্ষ ও লতামণ্ডিত উদ্যান, বিচিত্র উপবন, সুবর্ণময় চূড়াবিশিষ্ট অতিউচ্চ স্ফটিক নির্মিত অট্টালিকা ও পুরদ্বার। রুপা—পিতল-লোহা দ্বারা নির্মিত অশ্বশালাদি সুবর্ণকুম্ভে অলঙ্কৃত এবং পদ্মরাগমনিময় শিখরবিশিষ্ট, সুবর্ণ নির্মিত মহামরকতময় স্থানসমূহে অলঙ্কৃত গৃহ, চন্দ্রশালিকা সংযুক্ত দেবতা দর গৃহ এবং ব্রাহ্মণাদি চতুর্বর্ণ জনাকীর্ণ শ্রীকৃষ্ণের শোভাজ্জ্বল গৃহ। ৫০-৫৩॥

স্থাপন করাই ঠিক. (শ্রীহরিবংশে বিষ্ণু পু০ ৩৮অ০ উগ্রসেনের মন্ত্রী বিবুদ্র-উক্ত প্রমাণে।) এইরূপ শ্রীকৃষ্ণের ইচ্ছা হল।] জী০ ৪৮ ॥

৪৮। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ অস্য অনেন ॥ ৭-৪৮॥

৪৮। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ অস্য—'অনেন' এর সহিত (যুদ্ধে প্রবৃত্ত হই) ৪৭-৪৮॥

৪৯। **শ্রীবিশ্বনাথ টীকাঃ** সমুদ্রমধ্যে দুর্গং দ্বাদশযোজনমিতি। 'অষ্টভির্যবমধ্যৈঃ স্যাদঙ্গুলং দ্বাদশাঙ্গুলম্। তালং ত্রিতালকো হস্তো হস্তৌ দ্বৌ কিষ্কুরুচ্যতে। কিষ্কুদ্বয়ং ধনুঃ প্রোক্তং ধনুষো দ্বিসহস্রকম্। ক্রোশঃ ক্রোশৌ তু গব্যূতির্গব্যূতী দ্বে তু যোজনমিতি তন্মধ্যে নগরম্॥ বি০ ৪৯॥

৪৯। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ অন্তঃসমুদ্রে**—সমুদ্রমধ্যে (দ্বাদশ যোজন দুর্গ)। যোজন—আটটি যব মধ্য-আঙ্গুল, বার আঙ্গুলে তাল, তিন তালে এক হস্ত, দু হাতে কিষ্কু॥ দু কিষ্কুতে ধনু, দ্বিসহস্র ধনুতে ক্রোশ, দুক্রোশে ১ যোজন—তন্মধ্যে নগর॥বি০ ৪৯॥

৪৯। **শ্রীজীব বৈ০ তো০ টীকা ঃ** সমুদ্রস্যান্তর্দ্বাদশ-যোজনং, বহিশ্চাষ্টাদশযোজনমত্র জ্ঞেয়ম্; এবং ত্রিংশদ্যোজনং শ্রীদ্বারকাপুরং খ্যাতম্। যোজনঞ্চোক্তম্—'অষ্টভির্যবমধ্যৈ স্যাদঙ্গুলং দ্বাদশাঙ্গুলম্। তালং ত্রিতালকো হস্তো হস্তৌ দ্বৌ কিষ্কুরুচ্যতে॥ কিষ্কুদ্বয়ং ধনুঃ প্রোক্তং ধনুষো দ্বি-সহস্রকম্। ক্রোশঃ ক্রোশৌ তু গব্যূতির্গব্যূতী দ্বে তু যোজনম্॥' ইতি। অচীকরদ্বিশ্বকর্ম্মণা কারিতবান্; কৃৎস্নাদ্ভুতমিতি কৃৎস্নমপি বস্ত্বদ্ভুতং যত্র॥জী০ ৪৯॥

৪৯। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ** সমুদ্রের ভিতরে ১২ যোজন অর্থাৎ ২৪ ক্রোশ অর্থাৎ ৪৮ মাইল আর বাইরে অর্থাৎ তটদেশে ১৮ যোজন অর্থাৎ ৭২ মাইল। —এইরূপ ৩০ যোজন বলে শ্রীদ্বারকাপুর খ্যাত আছে। —যোজন কাকে বলে, তা এইরূপে উক্ত হয়েছে, যথা আটটি যব মধ্য-আঙ্গুল, বার আঙ্গুলে তাল, তিন তালে একহস্ত, দুহাতে কিষ্কু। দু কিষ্কুতে ধনু, দ্বিসহস্র ধনুতে ক্রোশ, দু ক্রোশে ১ যোজন।

অচীকরৎ—বিশ্বকর্মার দ্বারা এই নগরী করানো হল। যথায় কৃৎস্নাদ্ভুতম্—সর্ব বস্তুই আশ্চর্যময়॥ [শ্রীজীব ক্রমসন্দর্ভ—অচীকরৎ—আবির্ভাব করালেন।] জী০ ৪৯॥

৫০-৫৩। **শ্রীজীব বৈ০ তো০ টীকা ঃ** কৃৎস্নাদ্ভুতত্বমেব দর্শয়তি—দৃশ্যত ইতি চতুষ্কেণ। হি এব, যত্রৈব বিজ্ঞানং শিল্পধীঃ শিল্পাভিজ্ঞতেত্যর্থঃ; শিল্পনৈপুণ্যং হস্তক্রীড়াকৌশলঞ্চ দৃশ্যতে, পরাকাষ্ঠাপন্নতয়া বিভাব্যতে; তদানীং ভগবৎপ্রসাদেন পরমশক্তিলাভাদিতি ভাবঃ। অন্যত্তৈঃ। তত্র তন্মধ্যে, কোষ্ঠা ইত্যাদিকং বক্ষ্যমাণ-শ্লোকোক্তানাং সংস্থানং জ্ঞেয়ম্। উদ্যানোপবনয়োঃ পুষ্প-ফল-প্রধানত্বেন ভেদঃ। অরকুটৈরিতি হ্রস্বত্বমার্ষম্। চাতুর্বর্ণ্যং চত্বারো বর্ণাঃ, যদুদেবা যাদবশ্রেষ্ঠাঃ শ্রীকৃষ্ণ-বলদেব বসুদেবোগ্রসেনাঃ। অত্রেদং বাসস্থানং জ্ঞেয়ম্—পরিতস্তাবৎ সমুদ্রঃ, পুরতঃ সংক্রমার্থমালিঃ, সমুদ্রাভ্যন্তরে তীরে সুখবিহারার্থং পরিতশ্চত্বরাণি, তদন্তর্দুর্গপ্রাচীরালিঃ, তৎকোণেষু তন্মধ্যেষু চ যথাশোভং রত্নকূটাঃ, তদুপরি হেমশৃঙ্গাঃ, তদুপরি হেমকুম্ভাঃ পতাকাশ্চ জ্ঞেয়াঃ; দুর্গচতুর্দ্দিক্ষু গোপুরাণি, বহিরবলোকায় তদুপরি স্বচ্ছস্ফটিকভিত্তিময়াট্টালিকাঃ, দুর্গান্তঃ পুরশ্চত্বরাণি; তদন্তর্দ্যানোপবনানি, তদুপলক্ষিতানি

বাপীকূপাদীনি চ, তদন্তর্বাস্তোষ্পতিগৃহাঃ, তদন্তর্যথাভ্যন্তরমশ্বাদ্যগৃহাদয়ঃ কোষ্ঠাঃ, তদন্তঃপুরভাগে ব্রাহ্মণ-গৃহাঃ, পশ্চাৎ শূদ্রগৃহাঃ, বামে বৈশ্যগৃহাঃ, দক্ষিণে ক্ষত্রিয়গৃহাঃ, মধ্যে সুধর্ম্মামগ্রে বিধায় শ্রীকৃষ্ণ-বলদেব-বসুদেবোগ্রসেনগৃহাঃ গৃহাণামধো মরকতস্থলী, উপরি বলভ্যো হেমকুম্ভাদয়শ্চযথাশোভং, সুধর্ম্মামারভ্য রথ্যা বীথয়ঃ, তদুপমার্গাশ্চ তত ইতি ॥জী০ ৫০-৫৩॥

৫০-৫৩। **শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ** সর্বাশ্চর্যময়ত্বাই দেখান হচ্ছে—দৃশ্যত ইতি চারটি শ্লোকে। **যত্রহি**—('হি' এব) যেখানে বহুলরূপে। **বিজ্ঞানং** —শিল্প-অভিজ্ঞ বিশ্বকর্মার শিল্প-**বৈপুণম্**—হস্তক্রিয়াকৌশল **দৃশ্যতে**—পরাকাষ্ঠাপন্নরূপে অনুভূত হচ্ছে, তদানীং ভগবৎপ্রসাদে বিশ্ব-কর্মার পরমশক্তিলাভ হেতু, এরূপ ভাব। [শ্রীধর—ত্বষ্টা—বিশ্বকর্মা, তদীয় শিল্পবৈপুণম্—ক্রিয়া-কৌশল। উহাই বলা হচ্ছে ৩২ শ্লোকে রথ্যেতি।

রথ্যা—অগ্রে রাজপথসমূহ, **বীথ্যা**—'উপপথ' পশ্চিমদিক থেকে গলি পথ, **চত্বর**—এই সব পথের মিলন স্থানে আঙ্গিনাসমূহ, তন্মধ্যে কোষ্ঠা অর্থাৎ মহল, তন্মধ্যেও সুবর্ণগৃহসমূহ, তার উপর স্ফটিক অট্টালিকা, তার উপরে স্বর্ণকুম্ভ—এইরূপে বহু ভূমিক। এইরূপই আরও রয়েছে বাস্তুগৃহাদি নির্মাণ স্থান সমূহ।]

শ্রীধর টীকার 'তত্র' তন্মধ্যে 'কোষ্ঠা' ইত্যাদি বক্ষ্যমান শ্লোকোক্ত মহলাদির সন্নিবেশ বুঝতে হবে। উদ্যান ও উপবনের মধ্যে ভেদ পুষ্প-ফল প্রাধান্যের দ্বারা। **আরকূটঃ**—পিত্তল নির্মিত গৃহ। **চাতুর্বর্ণ্যং**—চারবর্ণ, যথা **মদুদেবা** যাদবশ্রেষ্ঠগণ, যথা শ্রীকৃষ্ণ-বলদেব বসুদেব-উগ্রসেন।

[অত্রেদং] এখানে বাসস্থানের সন্নিবেশ এরূপ বুঝতে হবে, যথা—সমুদ্রের মধ্যে দু'দশ যোজন এবং সমুদ্রের বাইরে ত্রিশযোজন পরিমিত স্থান দ্বারকাভূমি। চতুর্দিকে তাবৎ সমুদ্র। সম্মুখে চলা-ফিরা করার জন্য পথ। সমুদ্রের অভ্যন্তরস্থ তীরে সুখবিহারের জন্য চতুরসমূহ, তার প্রান্তে দুর্গের প্রাচীর শ্রেণী, এর কোণে ও মধ্যে শোভার যাতে হানি না হয় সেইরূপে সন্নিবেশিত **রত্নকূটাঃ**—'কটাঃ' রত্নঅট্টালিকা নিবহ, তদুপরি স্বর্ণকলস ও পতাকাশ্রেণী, একপ বুঝতে হবে। **গোপুরৈঃ**—দুর্গের চতুর্দিকে পুরদ্বার। বহির্দেশে নজর রাখার জন্য এই দ্বারের উপরে স্বচ্ছ স্ফটিক ভিত্তিময় অট্টা-লিকা। দুর্গান্তে পুরচত্বরশ্রেণী, তদন্তে উদ্যান ও উপবনশ্রেণী, এর দ্বারা অনুমান বিষয়ীভূত দীর্ঘী ও কূপাদিসমূহ। এই উদ্যানাদির ভিতরে ইন্দ্রের গৃহ সমূহ। আরও এই উদ্যানের ভিতরে যথাস্থানে সন্নিবেশিত পাকের ঘর এবং অশ্বশালা প্রভৃতি ঘর। এই উদ্যানের ভিতরে সম্মুখে ব্রাহ্মণদের গৃহ-সকল, পিছনে শূদ্রদের গৃহ সকল, বামে বৈশ্য গৃহসকল, দক্ষিণে ক্ষত্রিয় গৃহসকল। মধ্যে দেবসভা রেখে শ্রীকৃষ্ণ-বলদেব-বসুদেব-উগ্রসেনের গৃহনিবহ। এই গৃহ সমুদায়ের অধোদেশে মরকতস্থলী, উপরী গৃহচূড়ায় যথাশোভ স্বর্ণকলসাদি—এবং দেবসভা থেকেই রাজপথ ও গলিপথ সকল বেরহয়েছে।

॥জী০ ৫০-৫৩॥

সুধর্ম্মাং পারিজাতঞ্চ মহেন্দ্রঃ প্রাহিণোদ্ধরেঃ।
যত্র চাবস্থিতো মর্ত্ত্যো মর্ত্ত্যধর্ম্মৈর্ন যুজ্যতে ॥৫৪॥

শ্যামৈককর্ণান্ বরুণো হয়ান্ শুক্লান্ মনোজবান্।
অষ্টৌনিধিপতিঃ কোশান্লোকপালো নিজোদয়ান্ ॥৫৫॥

৫৪ ৫৫। **অন্বয়** ঃ মহেন্দ্র (ইন্দ্রঃ) সুধর্ম্মাং (তন্নামীং দেবসভাং) পারিজাতং চ হরেঃ প্রাহিণোৎ (শ্রীকৃষ্ণায় প্রস্থাপয়ামাস) যত্র (যস্মিন্ পুরে) অবস্থিতঃ মর্ত্ত্যঃ (মনুষ্যঃ) মর্ত্ত্যধর্ম্মৈঃ [ক্ষুৎপিপাসাদি ষড়ূর্মিভিঃ] ন যুজ্যতে (ন আক্রম্যতে ইত্যর্থঃ)

বরুণঃ (জলাধিপতিঃ) শ্যামৈককর্ণান্ (শ্যামবর্ণঃ এককর্ণঃ যেষাং তান্) শুক্লান্ (শুক্লাবর্ণান্) মনোজবান্ (অতি বেগবান্) হয়ান্ অশ্বান্ [তথা] নিধিপতিঃ (কুবেরঃ) অষ্টৌ কোশান্ ('পদ্মশ্চৈব' ইতি নিধয়োঽষ্টৌ) তথা] লোকপালঃ নিজোদয়ান্ (নিজবিভূতিঃ) [হরেঃ প্রাহিণোৎ ইত্যন্বয়ঃ]।

৫৪-৫৫। **মূলানুবাদ** ঃ যে পুরিতে অবস্থিত প্রাণীসকল ক্ষুৎপিপাসাদি ছয়টি বেগে কাতর হয়না তথায় কৃষ্ণকে ইন্দ্র সুধর্মা নামক দেবসভা এবং পারিজাত উপহার স্বরূপে প্রেরণ করলেন। বরুণদেব প্রেরণ করলেন অতি বেগবানসাদা ঘোড়াসমূহ যাদের কাল রং এর একটি করে কর্ণ। কুবের পদ্মপ্রভৃতি অষ্টনিধি। আর লোকপালগণ নিজ নিজ বিভূতি।

৫০-৫৩। **শ্রীবিশ্বনাথ টীকা** ঃ ত্বাষ্ট্রং বিজ্ঞানং বিশ্বকর্ম্মণঃ পাণ্ডিত্যা শিল্পে শিল্পকর্ম্মণি নৈপুণ্যং যতস্তং। নগরং বিশিনষ্টি,—সার্দ্ধৈস্ত্রিভিঃ। রথ্যা রাজমার্গাঃ। চত্বরাণ্যঙ্গণানি। বীথ্যা উপমার্গাঃ বাস্তুগৃহাদি নির্মাণস্থানং তমনতিক্রম্য নির্ম্মিতম্। রাজতঞ্চ আরকূটং পীতং লোহঞ্চ তাভ্যাং নির্ম্মিতৈঃ রত্নকূটৈঃ পদ্মরাগাদিশিখরৈঃ। বাস্তোষ্পতীনাং দেবানাং বলভীভিশ্চন্দ্রশালাভিঃ যদুদেবঃ শ্রীকৃষ্ণস্তস্য গৃহৈরুৎকর্ষেণ লসৎ ॥বি০ ৫০-৫৩॥

৫০-৫৩। **শ্রীবিশ্বনাথ টীকানুবাদ** ঃ ত্বাষ্ট্রং বিজ্ঞানং—বিশ্বকর্মার পাণ্ডিত্য, **শিল্পনৈপুণ্যম্** শিল্পে নিপুণতা যথায়, সেই নগরের কথা বিশেষভাবে বলা হচ্ছে—'রথ্যাচত্বর' ইত্যাদি ৩½ শ্লোকে। **রথ্যা**—রাজপথ সকল। **চত্বর**—অঙ্গনসমূহ **বীথ্যা**—উপপথ সমূহ, **যথাবাস্তু বিনির্ম্মিতং**—'বাস্তুনি' গৃহাদি নির্মানস্থান সমূহ উহার চৌহুদ্দি অতিক্রম না করে নির্মিত। **রাজত**—রূপা, **আরকূট**-পীতল ও লোহা, এদের দ্বারা নির্মিত, **রত্নকূটৈঃ**—পদ্মরাগাদিশিখর মণ্ডিত গৃহসকল। **বাস্তোষ্পতীনাং**—দেবতাদের গৃহের দ্বারা ও **বলভীভিঃ**—চন্দ্রশালার দ্বারা ঐ নগর সুশোভিত। **যদুদেবগৃহোল্লসৎ**—যদুদের কৃষ্ণের গৃহের দ্বারা উৎকর্ষের সহিত দীপ্ত হচ্ছিল ঐ নগর।বি০ ৫০-৫৩॥

৫৪-৫৫। **শ্রীজীব বৈ০ তো০ টীকাঃ** সুধর্ম্মামিতি যুগ্মকম্। পারিজাতং প্রাহিণোদিতি তৈর্ব্যাখ্যাতম্।

যদ্ যদ্ভগবতা দত্তমাধিপত্যং স্বসিদ্ধয়ে।
সর্ব্বং প্রত্যর্পয়ামাসুর্হরৌ ভূমিগতে নৃপ! ॥ ৫৬॥

৫৬। **অন্বয়ঃ** নৃপ (হে রাজন্) [অন্যে চ সিদ্ধাদয়ঃ] ভগবতা (শ্রীকৃষ্ণেন) স্বসিদ্ধয়ে (স্বাধিকার সিদ্ধয়ে) [পুরা] যৎ যৎ আধিপত্যং দত্তম্ [আসীৎ] হরৌ (শ্রীকৃষ্ণে) ভূমিগতে (ভূতলং অবতীর্ণে সতি) সর্বং (তৎ সর্বং আধিপত্যং) প্রত্যর্পয়ামাসু (শ্রীকৃষ্ণায় প্রত্যর্পিতবন্তঃ)।

৫৬। **মূলানুবাদঃ** [শ্রীশুক উক্তি] হে রাজা পরীক্ষিৎ! অন্যান্য সিদ্ধগণকে শ্রীকৃষ্ণ কর্তৃক তাদের নিজ নিজ অধিকার সিদ্ধির জন্য পূর্বে যে যে আধিপত্য দেওয়া হয়েছিল, সে সকল আধিপত্য তাঁরা শ্রীকৃষ্ণকে প্রত্যার্পণ করলেন, তিনি এই ধরাতলে অবতীর্ণ হলেন।

তত্র প্রস্থাপনং নাম পরিত্যাগ এব জ্ঞেয়ঃ; যদ্বা, অগ্রে স্বয়ং শ্রীভগবতা স্বর্গাদানীয় পারিজাতাদস্য ন্যূনত্বেন ভেদঃ কল্প্যঃ, 'সুরদ্রুমলতোদ্যান' (শ্রীভা ১০।৫০।৫১) ইতি বর্ণিতত্বাৎ। সুধর্ম্মায়াস্ত্বেকত্বেন নান্যা গতিরিতীন্দ্রস্তথা নাকরোদিতি জ্ঞেয়ম্; হরের্হরয়েঽন্যথা বলাৎ স্বয়মেব হরেদিতি বিভাব্যৈবেতি ভাবঃ। লোকপালা অন্যেঽপি ॥ ॥জী০৫৪-৫৫

৫৪ ৫৫। শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদঃ সুধর্মামিতি দুটি শ্লোক একসঙ্গে ব্যাখ্যা। পারিজাতং প্রাহিনোদিতি—এর ব্যাখ্যা শ্রীধর করলেন—'প্রস্থাপয়ামাস' অর্থাৎ প্রেরণ করলেন—অর্থটি শুক পরীক্ষিৎ সংবাদ থেকে পাওয়া যায়, এ অতীত ঘটনা হেতু ভূত নির্দেশ।

শ্রীধর টীকায় 'প্রস্থাপনং' শব্দটি পরিত্যাগ অর্থেই ব্যবহৃত হয়েছে। অথবা, পূর্বে শ্রীকৃষ্ণের দ্বারা আনীত পারিজাত থেকে এর ন্যূনতার দ্বারা ভেদ কল্পনা যোগ্য,—'সুরদ্রুমলতোদ্যান' (শ্রীভা০ ১০।৫০।৫১) অর্থাৎ দ্বারকানগরে শোভাপাচ্ছিল সুরুতরু—লতা সমূহ এরূপ বর্ণিত যাহা হেতু।

সুধর্মার কিন্তু একা হয়ে যাওয়ায় অন্য গতি নেই, তাই যে ইন্দ্র সুধর্মাকে দিয়ে দিলেন তা নয়, এরূপ বুঝতে হবে। 'হরে' শব্দ প্রয়োগে বুঝানো হল, না দিলে কৃষ্ণ নিজেই কেড়ে নিতেন, এরূপ মনে করেই দিলেন, এরূপ ভাব। লোকপাল—অন্য লোকপালেরা, নিজ নিজ বিভূতি কৃষ্ণকে দিলেন ॥জী০ ৫৪ ৫৫॥

৫৪-৫৫। শ্রীবিশ্বনাথ টীকাঃ পারিজাতঞ্চ প্রাহিণোদিতি শুকপরীক্ষিতসম্বাদাৎ পূর্ব্বভূতত্বাদ্ভূত নির্দ্দেশঃ।

নিধিপতিঃ কুবেরঃ। কোষান্ নিধীন্,—'পদ্মশ্চৈব মহাপদ্মো মৎস্যঃ কূর্ম্মস্তথোদকঃ। নীলো মুকুন্দঃ শঙ্খশ্চ নিধয়োঽষ্টৌ প্রকীর্ত্তিতা' ইতি। নিজোদয়ান্ স্বীয়সম্পত্তীঃ ॥বি০ ৫৪-৫৫॥

৫৪-৫৫। শ্রীবিশ্বনাথ টীকানুবাদঃ সুধর্মাং—দেবসভা পারিজাত প্রাহিণোৎ—এই বাক্যটিতে

তত্র যোগপ্রভাবেণ নীত্বা সর্ব্বজনং হরিঃ।
প্রজাপালেন রামেণ কৃষ্ণঃ সমনুমন্ত্রিতঃ।
নির্জ্জগাম পুরদ্বারাৎ পদ্মমালী নিরায়ুধঃ ॥৫৭॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দশমস্কন্ধে দুর্গনিবেশনং নাম পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫০॥

৫৭। অন্বয় ঃ হরিঃ (ভক্তদুঃখহরঃ) কৃষ্ণ যোগপ্রভাবেণ (অচিন্ত্যৈশ্বর্যপ্রভাবেণ) তত্র (দ্বারকায়াং) সর্ব্বজনং নীত্বা [মথুরাং এত্যেতিশেষ] প্রজাপালেন রামেণ (বলদেবেন সহ) সমনুমন্ত্রিতঃ (আর্য্য ত্বমত্র স্থিত্বা প্রজাঃ তত্তু দ্বারকানীতপ্রজাভ্যোঃ অবশিষ্টা ইতি জ্ঞেয়ং) পালয়, অহং কালযবনং মুচুকুন্দেন ঘাতয়িষ্যামীতি কৃতানুমন্ত্রঃ। পদ্মমালী নিরায়ুধঃ পুরদ্বারাৎ নির্জ্জগাম ॥

৫৭। মূলানুবাদ ঃ ভক্তদুঃখহারী শ্রীভগবান্ তাঁর অচিন্ত্য ঐশ্বর্য-প্রভাবে রাত্রিতে ঘুমে মগ্ন সর্বজনকে (মথুরায় অবশিষ্ট কিছু রেখে) সহসা ঊর্দ্ধে উঠিয়ে নিয়ে দ্বারকায় স্থাপন করত প্রজাপালক রামের সহিত মন্ত্রনা করলেন; যথা—আর্য, আপনি মথুরায় থেকে প্রজাপালন করুন, আমি কাল মুচুকুন্দের দ্বারা কালযবনকে বধ করাব। —এই বলে পদ্মমালী নিরস্ত্র কৃষ্ণ পুরদ্বার থেকে বেরিয়ে গেলেন।

ভূত নির্দেশ হয়েছে, কারণ অতীতকালের ঘটনা যা শুক পরীক্ষিত সম্বাদে বর্ণিত।

নিধিপতিঃ—কুবের কোশাগার—নিধি, যথা পদ্ম-মহাপদ্ম-মৎস-কূর্ম-উদক-নীল-মুকুন্দ-শঙ্খ।

নিজোদয়ান্...(লোকপাল দিলেন) নিজ নিজ বিভূতি ॥বি০ ৫৪, ৫৫॥

৫৬। শ্রীজীব০ বৈ০ তো০ টীকাঃ হরৌ ক্রীড়ার্থং নিজাশেষবিভূতি-সমাহরণকৌতুকিনি ভগবতি, যতঃ ভূমিগতে তাদৃশ-বিনোদার্থমেব পৃথিব্যামবতীর্ণে, এবং পরমকৌতুকেন সম্বোধনং নৃপেতি। শ্রীদ্বারকানির্ম্মাণাদি-বিস্তারঃ শ্রীহরিবংশে দৃশ্যঃ ॥জী০ ৫৬॥

৫৬। শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ হরৌ—ক্রীড়ার্থে নিজ অশেষ বিভূতি সম্যক্‌রূপে আহরণ কৌতুকী ভগবান্ শ্রীকৃষ্ণ ভূমিগতে—তাদৃশ বিনোদার্থেই পৃথিবীতে অবতীর্ণ হলে—এইরূপ পরমকৌতুক শুকদেব মহারাজ পরীক্ষিৎকে সম্বোধন করলেন 'নৃপ' বলে ।জী০ ৫৬॥

৫৭। শ্রীজীব বৈ০ তো০ টীকা ঃ যোগোঽচিন্ত্যৈশ্বর্যং, তস্য প্রভাবেণ মহাত্ম্যেন; তথা চ পাদ্মোত্তরখণ্ডে—'সুষুপ্তানথুরায়াস্তু পৌরাংস্তত্র জনার্দ্দনঃ। উদ্ধৃত্য সহসা রাত্রৌ দ্বারকায়াং ন্যবেশয়ৎ ॥ প্রবুদ্ধাস্তে জনাঃ সর্ব্বে পুত্রদারসমন্বিতাঃ। হেমহর্ম্ম্যতলে স্থিত্বা বিস্ময়ং পরমং যযুঃ ॥' ইতি। হরিরিতি তথানয়নাৎ; 'ত্বমত্র স্থিত্বা প্রজাঃ পালয়' ইতি তৈর্যদ্ব্যাখ্যাতং, তত্তু দ্বারকানীত-

প্রজাভ্যোঽবশিষ্টবহিরঙ্গ-প্রজাগতমেব জ্ঞেয়ং, নিজপার্শ্বরক্ষিতসৈন্যগতমেব বা; যদ্বা, অস্য যাদবৈরবধ্যত্বান্মাশঙ্কাং কৃথাঃ, ত্বমত্র স্থিত্বা পুরং পালয়, অহন্তু মুচুকুন্দেন এনং ঘাতয়িষ্যামি'—ইত্যেব মন্ত্রো জ্ঞেয়ঃ। রামেণ সহ সম্যগনুরূপশ্চ মন্ত্রঃ। 'সমনুসংজাতঃ' ইতি তারকাদিত্বাদিতচ্। অত্র 'সর্ব্বজনং হরিঃ' ইতি পাঠে স্বান্, 'ভগবান্ হরিঃ' ইতি ক্বচিৎ, 'মথুরাম্বেভ্য' ইতি পাঠে প্রজাপালনেতি ক্বচিৎ। পূর্ব্বত্র দ্বারকানির্ম্মাণার্থং তত্র গমনং, যোগপ্রভাবেণৈব বা জ্ঞেয়ম্। পদ্মমালীতি শ্রীনারদোক্ত লক্ষণাপেক্ষয়া; নিরায়ুধ ইতি পলায়নমননার্থম্ ॥জী০ ৫৭॥

ইতি শ্রীবৈষ্ণবতোষণ্যাং শ্রীদশম-টিপ্পন্যাং পঞ্চাশোঽধ্যায়ঃ।

৫৭। শ্রীজীব বৈ০ তো০ টীকানুবাদ ঃ যোগপ্রভাবেণ 'যোগ' অচিন্ত্যঐশ্বর্য, তার 'প্রভাবেণ' মাহাত্ম্যে। পাদ্মোত্তরখণ্ডেও এরূপই আছে, যথা—'রাত্রিতে মথুরার লোকজন যখন অঘোর ঘুমে মগ্ন, তখন জনার্দন সহসা তাঁদের উর্দ্ধে উঠিয়ে নিয়ে দ্বারকায় সংস্থাপিত করলেন। জেগে উঠে তাঁরা সকলে দেখলেন তারা শুয়ে আছেন স্ত্রী পুত্র সমন্বিত হয়ে হেমহর্মতলে। তারা পরমবিস্ময় প্রাপ্ত হলেন।' হরিঃ—'হরি' অর্থাৎ সম্মোহনের ভাবে আনায়ন হেতু 'হরি' শব্দ ব্যবহৃত হল। [শ্রীধর—'হে ভাই বলরাম তুমি এই দ্বারকায় থেকে প্রজাপালন কর, আমি কালযবন বধ করব,' এই টীকায় প্রজা বলতে কিন্তু প্রজার অবশিষ্ট অংশ যা দ্বারকায় আনবার পর বাইরে পড়ে থাকল তাদের কথাই বলা হয়েছে, এরূপ বুঝতে হবে। অথবা বলদেবের নিজপার্শ্বগত সৈন্যের কথাই বলা হয়েছে।]

অথবা, এইকালযবন যাদবদের দ্বারা অবধ্য, এ কারণে শঙ্কা কর না। মুচুকুন্দের দ্বারা একে বধ করাব।' —মন্ত্রণা এরূপই করলেন কৃষ্ণ। সমনুমন্ত্রিতঃ—এবং বলরামের সহিতও সম্পূর্ণ অনুরূপ ভাবেই পরামর্শ হল। 'সর্বজনং হরিঃ' স্থানে কোথাও পাঠ 'স্বান্ ভগবান্ হরিঃ', 'মথুরাম্বেভ্য' ইতি পাঠে 'প্রজাপালন' ইতি কোথাও দেখা যায়। পূর্ববর্ণিত দ্বারকা নির্মাণের জন্য তথায় গমন যোগপ্রভাবেই হয়েছিল, এরূপ বুঝতে হবে। 'পদ্মমালী' শ্রীনারদ উক্ত লক্ষণ অপেক্ষায়। 'নিরায়ুধ' ইতি নিরস্ত্র হয়ে যে চললেন, তা কালযবনকে তাঁর পলায়ণপরতা বুঝাবার জন্য ।জী০ ৫৭॥

৫৭। শ্রীবিশ্বনাথ টীকা ঃ যোগো যোগমায়া তৎপ্রভাবেন তৎ প্রকারঃ। পাদ্মোত্তরখণ্ডে যথা,—"সুষুপ্তান্মথুরায়ান্ত পৌরাংস্তত্র জনার্দ্দনঃ। উদ্ধৃত্য সহসা রাত্রৌ দ্বারকায়াং ন্যবেশয়ৎ ॥ প্রবুদ্ধাস্তে জনাঃ সর্ব্বে পুত্রদার সমন্বিতাঃ। হৈম হর্ম্ম্যতলে বিষ্টা বিস্ময়ং পরমং যযু"রিতি। রামেণ সহ সমনুমন্ত্রিতঃ। ত্বমত্রৈব মুহূর্ত্তং তিষ্ঠ অহমনয়া যুক্ত্যা ইমং ঘাতয়িষ্য ইতি কৃতমন্ত্রণ ইত্যর্থঃ॥ বি০৫৭॥

৫৭। শ্রীবিশ্বনাথ টীকানুবাদ ঃ যোগঃ প্রভাবেণ-যোগমায়ার সেই প্রভাবে, যা পাদ্মোত্তরখণ্ডে বর্ণিত দেখা যায়, যথা "পুরবাসিগণ মথুরায় গভীর নিদ্রায় মগ্ন, তখন জনার্দনং তাদিগে সহসা

উপরে উঠিয়ে নিয়ে গিয়ে দ্বারকায় সংস্থাপিত করলেন। জেগে উঠে তারা সকলে দেখলেন, তারা শুয়ে আছেন স্ত্রী পুত্র সমন্বিত হয়ে হেম হর্মতলে। এতে তারা পরমবিস্ময় প্রাপ্ত হলেন।" **রামেণ সমনুমন্ত্রিতঃ**—বলরামের সহিত পরামর্শ করলেন—তুমি এখানেই মুহূর্তকাল থাক আমি ঐ কালযবনের সম্মুখীন হয়ে উহাকে কারও দ্বারা বধ করাব বি০ ৫৭॥

ইতি শ্রীরাধাচরণ নূপুরে কৃষ্ণকৃষ্ণ বাদনেচ্ছু দীনমণিকৃত দশমে
পঞ্চাশঃ অধ্যায়ে বঙ্গানুবাদ সমাপ্ত।